# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Ashar 27, 1433 Bangla, July 11, 2026, Saturday, No. 186, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has said improving people's quality of life and ensuring every citizen has access to a healthy, educated, skilled and dignified life remains government's foremost commitments. (Jago FM: 11)

Tarique Rahman has directed the administration and party leaders & activists to stand by people affected by floods caused by heavy rainfall across country & ensure coordinated relief & rescue efforts. (R. Today: 21)

Bangladesh Meteorological Department forecast, rains are likely to continue in the country until tomorrow; at least 30 people have been killed in landslides. (DW: 10)

Chittagong district is facing severe flooding due to heavy rainfall and water coming down from upstream, creating acute shortage of food and clean water. (Jago News: 17)

Today's (Saturday) HSC and equivalent examinations have been postponed in five districts of the country due to worsening flood situation. (Jago News: 15)

Bangladesh Coast Guard has distributed relief supplies to families affected by disruption of maritime communications in St. Martin's due to adverse weather conditions. (Jago News: 18)

Dhaka Metropolitan Police has arrested 425 individuals in anti-crime drives across the capital's various crime-prone areas. (Jago News: 17)

Karmasangsthan Bank has unveiled a five-year master plan targeting 900,000 jobs for unemployed youth. (Jago News: 21)

Five people have been arrested in connection with killing of speech-impaired cleaner Bobby Begum who was attacked and robbed at Methikanda Railway Station in Raipura, Narsingdi. (Jago News: 13)

Government has declared two new river ports along the Jamuna River to improve northern water connectivity expanding passenger services and facilitating development of port-based infrastructure. (R. Today: 21)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**আষাঢ় ২৭, বাংলা ১৪৩৩, জুলাই ১১, ২০২৬, শনিবার, নং- ১৮৬, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান জানিয়েছেন, জনগণের জীবনমান উন্নয়ন এবং প্রত্যেক নাগরিকের জন্য সুস্থ, শিক্ষিত, দক্ষ ও মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করা বর্তমান সরকারের অন্যতম অঙ্গীকার। (জাগো নিউজ: ১১)

প্রধানমন্ত্রী তারেক রহমান চলমান দুর্যোগে প্রশাসনকে দৃঢ়ভাবে জনগণের পাশে থাকার নির্দেশনা দিয়েছেন। (রে. টুডে: ২১)

দেশে প্রবল বৃষ্টি আগামীকাল পর্যন্ত চলতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর সূত্র; পাহাড় ধসে অন্তত ৩০ জনের মৃত্যু। (ডয়েচে ভেলে: ১০)

ভারী বর্ষণ ও উজান থেকে নেমে আসা পানিতে চট্টগ্রাম জেলা ভয়াবহ বন্যার কবলে; খাদ্য ও বিশুদ্ধ পানির তীব্র সংকট। (জাগো নিউজ: ১৭)

বন্যা পরিস্থিতির অবনতি ঘটায় দেশের পাঁচটি জেলার আজ শনিবারের এইচএসসি ও সমমান পরীক্ষা স্থগিত করা হয়েছে। (জাগো নিউজ: ১৫)

বৈরী আবহাওয়ায় নৌযোগাযোগ ব্যাহত হওয়ায় সেন্টমার্টিনে ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে ত্রাণসামগ্রী বিতরণ করেছে বাংলাদেশ কোস্টগার্ড। (জাগো নিউজ: ১৮)

রাজধানীর বিভিন্ন অপরাধ প্রবণ এলাকায় অভিযান চালিয়ে ৪২৫ জনকে গ্রেফতার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। (জাগো নিউজ: ১৭)

আগামী পাঁচ বছরে ৯ লাখ বেকার যুবকের কর্মসংস্থানের মহাপরিকল্পনা গ্রহণ করেছে কর্মসংস্থান ব্যাংক। (রে. টুডে: ২১)

নরসিংদীর রায়পুরার মেথিকান্দা রেলস্টেশনে হামলা ও লুটের শিকার হয়ে মারা যাওয়া বাক্‌প্রতিবন্ধী পরিচ্ছন্নতাকর্মী ববি বেগমের মৃত্যুর ঘটনায় জড়িত থাকার অভিযোগে ছয়জন গ্রেফতার । (জাগো নিউজ: ১৩)

উত্তরাঞ্চলের নৌ-যোগাযোগ উন্নয়ন, যাত্রীসেবা সম্প্রসারণ এবং নদীবন্দর ভিত্তিক অবকাঠামো গড়ে তুলতে যমুনা নদীর তীরে দু'টি নতুন নদী বন্দর ঘোষণা সরকারের। (রে. টুডে: ২১)

# বিবিসি

## ডিসেম্বরে আওয়ামী লীগের নেতাদেরসহ বাংলাদেশে ফিরে আত্মসমর্পণ করতে চান হাসিনা : রয়টার্স

বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার দলের পলাতক নেতা-কর্মীদের নিয়ে ডিসেম্বরে বাংলাদেশে ফেরার পরিকল্পনা করছেন বলে বার্তা সংস্থা রয়টার্সের কাছে দাবি করেছেন। তারা আত্মসমর্পণের কথা ভাবছেন বলেও রয়টার্সকে দেওয়া এক সাক্ষাৎকারে জানিয়েছেন তিনি। তবে চব্বিশের গণ-অভ্যুত্থানের মুখে দেশ ছেড়ে ভারতে যাওয়া শেখ হাসিনার বাংলাদেশে ফেরা নিয়ে আলোচনা এর আগেও সামনে এসেছে। সম্প্রতি ভারতীয় একটি গণমাধ্যম শেখ হাসিনার বরাত দিয়ে এ বছরই তার বাংলাদেশে ফেরার খবর দেওয়া হয়। আবার ২০২৫ সালে অক্টোবরেও রয়টার্সকে দেওয়া আরেকটি বক্তব্যে শেখ হাসিনা বলেছিলেন, রাজনৈতিক অস্থিরতা সত্ত্বেও আওয়ামী লীগ দেশের ভবিষ্যৎ ভূমিকা পালনে ফিরে আসবে, সেটা সরকারে হোক আর বিরোধী দলে হোক। তবে তখন তার নিজের দেশে ফেরার বিষয়ে তিনি সুনির্দিষ্ট করে কিছু উল্লেখ করেনি। এর আগে, বিভিন্ন সংবাদমাধ্যমে লিখিতভাবে প্রশ্নের উত্তর দিলেও আগে সরাসরি কথা বলেননি শেখ হাসিনা। রয়টার্স বলছে, টেলিফোনে তার এই সাক্ষাৎকারটি নেওয়া হয়েছে। শেখ হাসিনা রয়টার্সকে বলেন, "আমাদের প্রায় সব নেতা-কর্মীর বিরুদ্ধেই মামলা হয়েছে এবং তাদের অনেকে আত্মগোপনে আছেন। তাই আমি বলেছি, এবার আমি দেশে ফিরছি, আর একদিন তোমরাও সবাই এসো। আমরা সবাই একসঙ্গে আদালতে আত্মসমর্পণ করবো।" প্রসঙ্গত, চব্বিশের মানবতাবিরোধী অপরাধের মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি শেখ হাসিনা। একইসঙ্গে তার দল আওয়ামী লীগের কার্যক্রমের উপরও বাংলাদেশে সরকারিভাবে নিষেধাজ্ঞা জারি আছে।

শেখ হাসিনার সঙ্গে একই মামলায় সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী এবং আওয়ামী লীগ নেতা আসাদুজ্জামান খান কামালের বিরুদ্ধের মৃত্যুদণ্ডে রায় আছে। এছাড়া জুলাই আন্দোলনে সময় নানা অভিযোগ এবং দুর্নীতির অভিযোগেও বিপুলসংখ্যক মামলা আছে। এদিকে, শেখ হাসিনার এই বক্তব্য নিয়ে প্রতিক্রিয়া জানিয়েছে বাংলাদেশের ক্ষমতাসীন দল বিএনপি। দেশে ফেরার প্রশ্নে শেখ হাসিনার বক্তব্যের ব্যাপারে প্রতিক্রিয়ায় জুলাই গণ-অভ্যুত্থানে হত্যাকাণ্ডের বিচার চলার বিষয়কে তুলে ধরেছেন প্রধানমন্ত্রী তারেক রহমানের একজন উপদেষ্টা। শেখ হাসিনা টেলিফোনে রয়টার্সকে বলেছেন, তিনি ও আওয়ামী লীগের সদস্যরা স্বেচ্ছায় বাংলাদেশে ফিরতে চান। তারা আদালতে হাজির হয়ে আত্মসমর্পণ করতে চান। বাংলাদেশে ফিরলে গ্রেফতার, এমনকি হত্যাকাণ্ডের শিকার হতে পারেন বলেও তিনি মনে করেন। বৃহস্পতিবার গভীর রাত থেকে শুক্রবার পর্যন্ত প্রায় এক ঘণ্টা টেলিফোনে শেখ হাসিনা এই সাক্ষাৎকার দেন বলেও রয়টার্স জানিয়েছে। বাংলাদেশের সরকার তাকে ভারত থেকে ফিরিয়ে নেওয়ার চেষ্টা করছে উল্লেখ করে তিনি বলেন, "তারা আমাকে ফিরিয়ে নিতে চায়। আমাকে ফেরত পাঠানোর জন্য তারা বারবার ভারতে চিঠি পাঠাচ্ছে। আমি নিজেই ফিরে যাব।" আওয়ামী লীগের পতনের পর ক্ষমতায় আসা সাবেক অন্তর্বর্তী সরকার এবং গত ফেব্রুয়ারির নির্বাচনের পর রাষ্ট্রক্ষমতায় বসা বিএনপি সরকারের সদস্যরা বারবারই বলেছেন, শেখ হাসিনাকে ফেরত পাঠানোর জন্য ভারতে বারবার চিঠি পাঠানো হচ্ছে। তবে ভারতের দিক থেকে এখন পর্যন্ত এ বিষয়ে কোনো প্রতিক্রিয়া দেখা যায়নি।

ডিসেম্বরে ঠিক কবে বাংলাদেশে ফিরবেন, কখন বা কোন আদালতে আত্মসমর্পণ করবেন, তা উল্লেখ করতে অস্বীকৃতি জানান শেখ হাসিনা। ফেরার পরিকল্পনা নিয়ে ঢাকার সঙ্গে কোনো যোগাযোগ হয়নি বলেও তিনি জানিয়েছেন। "গণতন্ত্র, ভোটাধিকার, আওয়ামী লীগের রাজনৈতিক অধিকার এবং ন্যায়বিচার- এসব গোপন আলোচনার বিষয় নয়," এই মন্তব্য করে শেখ হাসিনা এটাও বলেন যে, কারাগারে যাওয়া নিয়ে তিনি উদ্বিগ্ন নন, কারণ এর আগেও তাকে একাধিকবার গ্রেফতার করা হয়েছে। চব্বিশে দেশ ছাড়ার কারণ হিসেবে সাবেক এই প্রধানমন্ত্রী বলেন, তার বাসভবনের দিকে জনতা এগিয়ে আসার সময় তার প্রাণনাশের হুমকি ছিল। সরকারে থাকার সময় আওয়ামী লীগের ভুল হয়ে থাকতে পারে- এ ধরনের মন্তব্য করলেও কোনো ধরনের দায় স্বীকার করেননি শেখ হাসিনা। তিনি বলেন, "কোনো সরকার দীর্ঘ সময় ক্ষমতায় থাকলে ভুল হতেই পারে- কোনো সরকারই ভুলের উর্ধ্বে নয়। কিন্তু একটি সরকারের ভালো-মন্দ, সঠিক-ভুল বিচার করার অধিকার জনগণের। আমি সেই বিচার জনগণের ওপরই ছেড়ে দিচ্ছি।"

**আওয়ামী লীগকে সক্রিয় করা**

অন্তর্বর্তী সরকারের সময়ে ২০২৫ সালের ১২ মে স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারি করে আওয়ামী লীগ এবং এর অঙ্গ, সহযোগী ও ভ্রাতৃপ্রতিম সব সংগঠনের কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা করেছিল। বিএনপি সরকারও সেটাই বহাল রেখেছে। সন্ত্রাসী কার্যক্রমে জড়িত কোনো সত্তার যাবতীয় কার্যক্রম নিষিদ্ধ করার বিধান যুক্ত করে অন্তর্বর্তী সরকারের আমলে জারি করা সন্ত্রাসবিরোধী (সংশোধন) অধ্যাদেশ গত এপ্রিলে অনুমোদন করা হয়েছে জাতীয় সংসদ। তবে নিষেধাজ্ঞা সত্ত্বেও আওয়ামী লীগকে রাজনীতিতে ফিরিয়ে আনার পরিকল্পনার ইঙ্গিতও দিয়েছেন শেখ হাসিনা। আওয়ামী লীগকে পুনর্গঠনের প্রচেষ্টার অংশ হিসেবে তিনি বাংলাদেশের ৩০০টি সংসদীয় আসনের মধ্যে ১২৫টি আসন নিয়ে অনলাইন বৈঠক করেছেন বলে রয়টার্সকে জানান। তিনি বলেন, "তারা আমাকে দোষী সাব্যস্ত করে থাকতে পারে এবং আমি হয়ত নির্বাচনে অংশ নিতে পারব না। কিন্তু আওয়ামী লীগকে কেন স্থগিত করা হবে? আমরা যদি খারাপ কাজ করে থাকি, তাহলে সিদ্ধান্ত জনগণই নিক।"

**বিএনপি সরকার কী বলছে**

দেশে ফেরার প্রশ্নে শেখ হাসিনার বক্তব্যের ব্যাপারে প্রতিক্রিয়ায় জুলাই গণ-অভ্যুত্থানে হত্যাকাণ্ডের বিচার চলার বিষয়কে তুলে ধরেছেন প্রধানমন্ত্রী তারেক রহমানের একজন উপদেষ্টা। প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপি জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বিবিসি বাংলাকে বলেন, "ক্ষমতাচ্যুত শেখ হাসিনার বিরুদ্ধে ২০২৪ সালে জুলাই গণ-অভ্যুত্থানে হত্যাযজ্ঞের একটি মামলায় বিচার শেষে ঢাকায় আদালতে ফাঁসির রায় হয়েছে। আরও অনেক হত্যা মামলায় আদালতে তার বিচার চলছে।" এই বিচারের বিষয় উল্লেখ করে মি. রিজভী বলেন, "হাসিনার অপরাধের ব্যাপারে আদালত সিদ্ধান্ত নেবে।" একইসঙ্গে প্রধানমন্ত্রীর উপদেষ্টা মি. রিজভী বলেন, শেখ হাসিনা বা ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের নেতারা দেশে ফিরবেন কি ফিরবেন না বা তারা কী করবেন- সেটা তাদের বিষয়, তাদের দলীয় সিদ্ধান্তের বিষয়। তবে তাদের বিচার নিশ্চিত করার পক্ষে বিএনপি সরকারের অবস্থানের কথা উল্লেখ করেন রুহুল কবির রিজভী। তিনি বলেন, "জুলাই আন্দোলনে উনি (শেখ হাসিনা) যে হত্যার মহাযজ্ঞ চালিয়েছেন, শিশু-কিশোরদেরও হত্যা করেছেন। সেই হত্যাযজ্ঞের বিচার নিশ্চিত হোক, সেটা জনগণ চায়। আদালতে বিচার চলছে। ফলে অপরাধের ব্যাপারে বিচার হবে এবং আদালত সিদ্ধান্ত নেবে। প্রসঙ্গত, জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘঠিত হত্যাকাণ্ডসহ বিভিন্ন অপরাধের ক্ষেত্রে মানবতাবিরোধী অপরাধের অভিযোগ এনে ঢাকায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচার করা হচ্ছে। এই ট্রাইব্যুনালে একটি মামলায় মানবতাবিরোধী অপরাধের দায়ে শেখ হাসিনা ও তার সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানের মৃত্যুদণ্ডের রায় হয়েছে গত বছরের ১৭ নভেম্বর। ট্রাইব্যুনালে তার বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের অভিযোগে আরও কয়েকটি মামলার বিচার প্রক্রিয়া চলছে। শেখ হাসিনার বিরুদ্ধে জুলাই গণ-অভ্যুত্থানের সময়ের ঘটনায় সারা দেশে ৬৬৩টি মামলা রয়েছে। এর মধ্যে হত্যা মামলা রয়েছে ৪৫৩টি। রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে শেখ হাসিনা দেশে তার বিরুদ্ধে চলা বিচারের প্রক্রিয়া নিয়েও প্রশ্ন তুলেছেন। তিনি বলেছেন, "আমার মনে হয়, বিচার প্রক্রিয়া শুরু হলেই মানুষের কাছে স্পষ্ট হয়ে যাবে, এই আদালত কতটা প্রহসনমূলক- আর আমি সেটাই প্রমাণ করতে চাই।" তার এই বক্তব্যের ব্যাপারে রুহুল কবির রিজবী বলেন, "উনি (শেখ হাসিনা) এ কথা বলছেন। আর উনার সময়ে যুদ্ধাপরাধের বিচার করতে গিয়ে সেই বিচারের একজন বিচারক রায় দেওয়ার আগে বাইরের একজনের সঙ্গে পরামর্শ করেছিলেন। সেই আলাপ ফাঁস হওয়ার পর ব্যাপক আলোচনার জন্ম দিয়েছিল। তিনিই এখন ন্যায়বিচারের কথা বলেন। "বর্তমানে আদালতে সুচারুভাবে বিচার প্রক্রিয়া চলছে। সেখানে সরকার কোনো হস্তক্ষেপ করছে না। আদালত আইনসম্মতভাবে এবং স্বাধীনভাবে বিচার করছে করছে বলে দাবি করেন মি. রিজভী।

**শেখ হাসিনা দেশে ফিরলে কী হবে**

মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি এবং একাধিক মামলার আসামি শেখ হাসিনা চাইলেই বাংলাদেশে ফিরতে পারবেন কি না এবং ফিরতে পারলে তাকে কী পরিস্থিতির মুখে পড়তে হবে- সে বিষয়ে জানার চেষ্টা করেছে বিবিসি বাংলা। আইন বিশেষজ্ঞদের কেউ কেউ বলছেন, শেখ হাসিনার ফিরে আসা বেশ কয়েকটি বিষয়ের ওপর নির্ভর করে, ফলে তার বাংলাদেশে আসায় বাধা আছে। তিনি ভারতে যাওয়ার সময় তার কাছে কূটনৈতিক বা লাল পাসপোর্ট ছিল এবং সেটি পরে বাতিল হওয়ায় তার কাছে কোনো ভ্যালিড পাসপোর্ট নেই। ফলে সরকারের কাছ থেকে ট্রাভেল পাস না পেলে তার স্বেচ্ছায় ফেরা কঠিন হতে পারে। তবে শেখ হাসিনার দেশে আসতে আইনগত কোনো বাধা নেই বলে এর আগে সাংবাদিকদের বলেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। বিবিসি বাংলাকে তিনি বলেছেন, শেখ হাসিনার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি রয়েছে, তবে ব্যক্তি হিসেবে শেখ হাসিনার মুভমেন্টের ওপর কোনো নিষেধাজ্ঞা নাই; কার্যক্রম নিষিদ্ধ দল আওয়ামী লীগের সদস্য হিসেবে তার কার্যক্রমের ওপর নিষেধাজ্ঞা আছে। "একজন ফিউজিটিভের পক্ষে কোনো আইনগত সুবিধা পাওয়ার কোনো সুযোগ নাই। তাকে অবশ্যই আসতে হবে, এই ট্রাইব্যুনালেই সারেন্ডার করতে হবে," বলেন চিফ প্রসিকিউটর। "এই ট্রাইব্যুনালেই সারেন্ডার করেই তাকে জেলে যেতে হবে এবং সেখান থেকে তাকে আপিল ফাইল করতে হবে বা যেই প্রক্রিয়ায় তিনি যেতে চান। সেক্ষেত্রে আপিল শুনানি সাপেক্ষেই কেবল পরবর্তী বিষয়ে সিদ্ধান্ত নেওয়া সম্ভব তার আগে নয়," বলেন মি. ইসলাম।

(বিবিসি ওয়েব পেজ : ১০.০৭.২০২৬ আলী আহমেদ)

## শেখ হাসিনার 'দেশে ফেরার' বক্তব্য নিয়ে যা বলছে বিএনপি, জামায়াত ও এনসিপি

বাংলাদেশে ফেরার প্রশ্নে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার বক্তব্য নিয়ে প্রতিক্রিয়া পাওয়া যাচ্ছে রাজনৈতিক অঙ্গনে। কোনো কোনো দল তার বিরুদ্ধে বিচারের কথা বলছে, কোনো দল আবার ষড়যন্ত্র দেখছে। বিশেষ করে দেশটির বর্তমান রাজনীতিতে প্রভাবশালী তিনটি দলের নেতাদের সঙ্গে কথা বললে তারা যে প্রতিক্রিয়া জানান, তাতে তারা মূলত শেখ হাসিনার বিরুদ্ধে বিচার বা আইন-আদালতের কথা বলেছেন। একইসঙ্গে আওয়ামী লীগকে পুনর্বাসনের চেষ্টার পাল্টাপাল্টি অভিযোগ এবং ষড়যন্ত্রের কথাও এসেছে। শেখ হাসিনার বক্তব্যের ব্যাপারে প্রতিক্রিয়ায় জুলাই গণ-অভ্যুত্থানে হত্যাকাণ্ডের বিচার চলার বিষয়কে তুলে ধরেছেন প্রধানমন্ত্রী তারেক রহমানের একজন উপদেষ্টা ও বিএনপির জ্যেষ্ঠ নেতা। আর জাতীয় সংসদের বিরোধী দল জামায়াতে ইসলামীর নেতারা শেখ হাসিনার বক্তব্যের পেছনে অন্তর্নিহিত কোনো রহস্য বা ষড়যন্ত্র দেখছেন। এমনকি তাদের কেউ কেউ অভিযোগ করছেন, দেশের অভ্যন্তরীণ রাজনীতির কারও কারও ষড়যন্ত্র থাকতে পারে। জুলাই গণ-অভ্যুত্থানের ছাত্র নেতৃত্বের একাংশের গঠিত দল জাতীয়

নাগরিক পার্টি বা এনসিপি নেতারা কড়া ভাষায় প্রত্রিক্রিয়া দিয়েছেন শেখ হাসিনার বক্তব্যের ব্যাপারে। দলটির নেতারা শেখ হাসিনার মৃত্যুদণ্ডের সাজা কার্যকর করার কথা বলেছেন। প্রসঙ্গত, ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার দলের পলাতক নেতা-কর্মীদের নিয়ে ডিসেম্বরে বাংলাদেশে ফেরার পরিকল্পনা করছেন বলে বার্তা সংস্থা রয়টার্সের কাছে দাবি করেছেন। তারা আত্মসমর্পণের কথা ভাবছেন বলেও রয়টার্সকে দেওয়া এক সাক্ষাৎকারে জানিয়েছেন তিনি। তবে চব্বিশের গণ-অভ্যুত্থানের মুখে দেশ ছেড়ে ভারতে যাওয়া শেখ হাসিনার বাংলাদেশে ফেরা নিয়ে আলোচনা এর আগেও সামনে এসেছে। এখন আন্তর্জাতিক সংবাদমাধ্যম রয়টার্সকে সাক্ষাৎকারে তিনি ডিসেম্বরে দেশে ফেরার একটা সুনির্দিষ্ট সময়ের কথা বলেছেন। ফলে তা নিয়ে প্রতিক্রিয়া হয়েছে রাজনীতিতে।

**বিচার নিশ্চিত করার কথা বলছে বিএনপি**

দেশে ফেরার প্রশ্নে শেখ হাসিনার বক্তব্যের ব্যাপারে প্রতিক্রিয়ায় জুলাই গণ-অভ্যুত্থানে হত্যাকাণ্ডের বিচার চলার বিষয়কে তুলে ধরেছেন প্রধানমন্ত্রী তারেক রহমানের একজন উপদেষ্টা। প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপি জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বিবিসি বাংলাকে বলেন, "ক্ষমতাচ্যুত শেখ হাসিনার বিরুদ্ধে ২০২৪ সালে জুলাই গণ-অভ্যুত্থানে হত্যাযজ্ঞের একটি মামলায় বিচার শেষে ঢাকায় আদালতে ফাঁসির রায় হয়েছে। আরও অনেক হত্যা মামলায় আদালতে তার বিচার চলছে।" এই বিচারের বিষয় উল্লেখ করে মি. রিজভী বলেন, "হাসিনার অপরাধের ব্যাপারে আদালত সিদ্ধান্ত নেবে।" একইসঙ্গে প্রধানমন্ত্রীর উপদেষ্টা মি. রিজভী বলেন, শেখ হাসিনা বা ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের নেতারা দেশে ফিরবেন কি ফিরবেন না বা তারা কী করবেন- সেটা তাদের বিষয়, তাদের দলীয় সিদ্ধান্তের বিষয়। তবে তাদের বিচার নিশ্চিত করার পক্ষে বিএনপি সরকারের অবস্থানের কথা উল্লেখ করেন রুহুল কবির রিজভী। তিনি বলেন, "জুলাই আন্দোলনে উনি (শেখ হাসিনা) যে হত্যার মহাযজ্ঞ চালিয়েছেন, শিশু-কিশোরদেরও হত্যা করেছেন। সেই হত্যাযজ্ঞের বিচার নিশ্চিত হোক, সেটা জনগণ চায়। আদালতে বিচার চলছে। ফলে অপরাধের ব্যাপারে বিচার হবে এবং আদালত সিদ্ধান্ত নেবে।

প্রসঙ্গত, জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘঠিত হত্যাকাণ্ডসহ বিভিন্ন অপরাধের ক্ষেত্রে মানবতাবিরোধী অপরাধের অভিযোগ এনে ঢাকায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচার করা হচ্ছে। এই ট্রাইব্যুনালে একটি মামলায় মানবতাবিরোধী অপরাধের দায়ে শেখ হাসিনা ও তার সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানের মৃত্যুদণ্ডের রায় হয়েছে গত বছরের ১৭ নভেম্বর। ট্রাইব্যুনালে তার বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের অভিযোগে আরও কয়েকটি মামলার বিচার প্রক্রিয়া চলছে। শেখ হাসিনার বিরুদ্ধে জুলাই গণ-অভ্যুত্থানের সময়ের ঘটনায় সারা দেশে ৬৬৩টি মামলা রয়েছে। এর মধ্যে হত্যা মামলা রয়েছে ৪৫৩টি। রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে শেখ হাসিনা দেশে তার বিরুদ্ধে চলা বিচারের প্রক্রিয়া নিয়েও প্রশ্ন তুলেছেন। তিনি বলেছেন, "আমার মনে হয়, বিচার প্রক্রিয়া শুরু হলেই মানুষের কাছে স্পষ্ট হয়ে যাবে, এই আদালত কতটা প্রহসনমূলক- আর আমি সেটাই প্রমাণ করতে চাই।" তার এই বক্তব্যের ব্যাপারে রুহুল কবির রিজবী বলেন, "উনি (শেখ হাসিনা) এ কথা বলছেন। আর উনার সময়ে যুদ্ধাপরাধের বিচার করতে গিয়ে সেই বিচারের একজন বিচারক রায় দেওয়ার আগে বাইরের একজনের সঙ্গে পরামরাশ করেছিলেন। সেই আলাপ ফাঁস হওয়ার পর ব্যাপক আলোচনার জন্ম দিয়েছিল। তিনিই এখন ন্যায়বিচারের কথা বলেন। "বর্তমানে আদালতে সুচারুভাবে বিচার প্রক্রিয়া চলছে। সেখানে সরকার কোনো হস্তক্ষেপ করছে না। আদালত আইনসম্মতভাবে এবং স্বাধীনভাবে বিচার করছে করছে বলে দাবি করেন মি. রিজভী।

**ষড়যন্ত্র দেখছেন জামায়াত নেতারা**

শেখ হাসিনা দেশে ফেরার যে কথা বলছেন, এর পেছনে অন্তর্নিহিত কোনো রহস্য বা ষড়যন্ত্র থাকতে পারে বলে মনে করছেন জামায়াতে ইসলামীর নেতারা। জামায়াত এখন জাতীয় সংসদে প্রধান বিরোধী দল। দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বিবিসি বাংলাকে বলেছেন, "ক্ষমতাচ্যুত শেখ হাসিনার বক্তব্যের পেছনে একটা অন্তর্নিহিত রহস্য এবং ষড়যন্ত্র যেমন থাকতে পারে, সেখানে দেশের অভ্যন্তরীণ রাজনীতিরও কেউ কেউ এ ষড়যন্ত্রের অংশ হতে পারে।" অভ্যন্তরীণ রাজনীতির ষড়যন্ত্র বলতে মি. পরওয়ার কী বোঝাতে চাইছেন, এর ব্যাখ্যা দিতে গিয়ে তিনি বলেন, "বর্তমান সরকারের অভ্যন্তরের কোনো অংশ যে ওই ষড়যন্ত্রের সাথে নেই, এটা আমরা বিশ্বাস করি না।" জামায়াতের সেক্রেটারি জেনারেল এ-ও বলেন, "যদিও স্বরাষ্ট্রমন্ত্রী আওয়ামী লীগের বিরুদ্ধে কড়া কথা বলছেন। কিন্তু আওয়ামী লীগকে পুনর্বাসনের জন্য সরকারের কোনো অংশ পরিকল্পিতভাবে কাজ করে থাকতে পারে।" এ ধরনের অভিযোগ তুললেও জামায়াত নেতা মি. পরওয়ার বলেন, দেশে ফেরার বিষয়ে শেখ হাসিনা রয়টার্সকে সাক্ষাৎকারে যে বক্তব্য দিয়েছেন, তার বিস্তারিত দেখার পরে তারা তাদের দলের রাজনৈতিক বক্তব্য দেবেন। একইসঙ্গে মিয়া গোলাম পরওয়ারের বক্তব্য হচ্ছে, দেশের কোনো মামলায় অভিযুক্ত বা সাজাপ্রাপ্ত কেউ যদি স্বেচ্ছায় নিজেকে আইনের কাছে সোপর্দ করতে চায়, সেটা সে করতে পারে। আইনগত দিক থেকে বিষয়টাকে এভাবেই দেখেন তারা। তবে সরকারের একটা অংশ আওয়ামী লীগকে পুনর্বাসনের পরিকল্পনার অংশ হতে পারে বলে যে অভিযোগ করেন জামায়াতের সেক্রেটারি জেনারেল, এটিকে অসত্য ও ভিত্তিহীন বলছেন বিএনপি সরকারের একজন মন্ত্রী। নাম প্রকাশ অনিচ্ছুক ওই মন্ত্রী বিবিসি বাংলাকে বলেছেন, তাদের বরং সন্দেহ হয় যে, ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের সঙ্গে জামায়াতের গোপন কোনো সমঝোতা আছে কি না।

**ফাঁসির রায় কার্যকর চায় এনসিপি**

শেখ হাসিনা 'কেবলমাত্র' ফাঁসির সাজা পাওয়ার জন্যই দেশে ফিরতে পারেন বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। শুক্রবার ঢাকায় অনুষ্ঠান শেষে সাংবাদিকদের তিনি বলেন, "শেখ হাসিনা যদি দেশে ফিরে, কেবলমাত্র ফিরবে ফাঁসির রায় কার্যকর হওয়ার জন্য। ফলে সেটার জন্য আমরাও চাই যে, ফাঁসির রায় কার্যকর হোক, শেখ হাসিনাসহ অন্য যাদের বিরুদ্ধেই এই রায় হয়েছে।" ফাঁসির রায়ে দণ্ডিত আসামি হওয়ায় শেখ হাসিনা সাক্ষাৎকার দেওয়ার এখতিয়ার রাখেন না বলেও মন্তব্য করেন মি. ইসলাম। তিনি বলেন, "এটা আমাদের ভারতীয় দূতাবাসকে, দিল্লিকে এটা কঠোরভাবে বাংলাদেশ সরকারের বার্তা দেওয়া উচিত। শেখ হাসিনা দিল্লিতে বসে থাকা অবস্থায় ফাঁসির রায়ে দণ্ডিত একজন আসামি, তিনি কোনো ধরনের ইন্টারভিউ বা কর্মসূচি ঘোষণা করতে পারে না।" এটা দেশে অস্থিতিশীলতা তৈরি করছে, যোগ করেন সংসদে বিরোধী দলীয় চিফ হুইপ।

(বিবিসি ওয়েব পেজ : ১০.০৭.২০২৬ নারগীস)

## উগ্রবাদী কর্মকাণ্ডে অভিযুক্ত 'ফাতাহ্ কমব্যাট সিস্টেম' সম্পর্কে কী জানা যাচ্ছে?

উগ্রবাদী কর্মকাণ্ডের সঙ্গে জড়িত থাকার অভিযোগে সম্প্রতি ঢাকার যাত্রাবাড়ী এলাকা থেকে ছয়জন তরুণকে গ্রেফতার করেছে পুলিশ। তারা সবাই 'ফাতাহ্ কমব্যাট সিস্টেম' (এফসিএস) নামের একটি সংগঠনের সঙ্গে যুক্ত বলে জানা যাচ্ছে। সংগঠনটির বিরুদ্ধে অভিযোগ, তারা শরীর চর্চা ও মার্শাল আর্ট প্রশিক্ষণের নামে বিভিন্ন জেলায় উগ্রবাদী কর্মকাণ্ড পরিচালনার প্রশিক্ষণ দিয়ে আসছে। স্থানীয়ভাবে উপকরণ সংগ্রহ করে তারা বোমা তৈরির চেষ্টা করছিল বলেও দাবি করেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিটের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা। নাম প্রকাশে অনিচ্ছুক ওই কর্মকর্তা জানান, অভিযুক্ত সংগঠনটির সঙ্গে আন্তর্জাতিক কোনো উগ্রবাদী সংগঠনের যোগাযোগ বা অর্থ আদান-প্রদান ছিল কি-না, সেটাই এখন খতিয়ে দেখছে সিটিটিসি। জিজ্ঞাসাবাদে এফসিএসের প্রতিষ্ঠাতা ও প্রধান প্রশিক্ষক শাহ্ আমানত সাবির অভিযোগ স্বীকার করেছেন বলে দাবি পুলিশের। "উগ্রবাদী মতাদর্শের পক্ষে সমর্থন থেকেই যে তারা প্রশিক্ষণ কার্যক্রম চালানো এবং সংগঠিত হওয়ার চেষ্টা করছিলেন, সাবির সেটা স্বীকার করেছেন," বিবিসি বাংলাকে বলছিলেন সিটিটিসি'র ওই কর্মকর্তা। অভিযোগের বিষয়ে মি. সাবির বা তার পরিবারের কারো কোনো বক্তব্য পাওয়া যায়নি। তবে গ্রেফতার হওয়ার মাসখানেক আগে নিজের ফেসবুক প্রোফাইলে তিনি একটি ভিডিও প্রকাশ করেন। যেখানে অভিযোগ অস্বীকার করে মি. সাবির দাবি করেন, দেশে-বিদেশে কোনো উগ্রপন্থি গোষ্ঠীর সঙ্গে তাদের কোনো সম্পর্ক নেই।

গ্রেফতারকৃতদের আরও জিজ্ঞাসাবাদের জন্য বুধবার দ্বিতীয় দফায় সাতদিনের রিমান্ড আবেদন করে পুলিশ। পরে শুনানি শেষে মি. সাবির ও তার সহযোগী হোসাইন তানিমকে তিনদিনের জন্য রিমান্ডে নেওয়ার অনুমতি দেন আদালত। বাকি চার তরুণকে কারাগারে পাঠানো হয়েছে, যাদের মধ্যে আতাউল্লাহ শাহ্ নামে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) একজন নেতাও রয়েছেন। যদিও গ্রেফতারের খবর জানার পর গাজীপুর নগর আহ্বায়ক কমিটির যুগ্ম সদস্যসচিব পদে থাকা মি. শাহকে দল থেকে বহিষ্কার করেছে এনসিপি।

**যাত্রা শুরু ছয় মাস আগে**

ফাতাহ্ কমব্যাট সিস্টেম সংগঠনটির তথ্যমতে, তাদের যাত্রা শুরু হয় চলতি বছরের জানুয়ারি মাসে। এর প্রতিষ্ঠাতা ও প্রধান প্রশিক্ষক শাহ্ আমানত সাবির। নিজ জেলা খুলনা থেকে তিনি প্রতিষ্ঠানটির কার্যক্রম শুরু করেন। অনলাইনে ফাতাহ্ কমব্যাট সিস্টেমের একটি ওয়েবসাইট দেখা যাচ্ছে। সেখানে যোগাযোগের ঠিকানা হিসেবে খুলনার ময়লাপোঁতা এলাকার ফরাজীপাড়ার লেনের কথা উল্লেখ করা হয়েছে। সামাজিক যোগাযোগের বিভিন্ন মাধ্যমেও বেশ সক্রিয় ছিল সংগঠনটি। ফেসবুকে তাদের একটি গ্রুপ এবং একটি পেইজ রয়েছে। মূলত সেখানেই নিজেদের বিভিন্ন সিদ্ধান্ত ও কর্মকাণ্ডের তথ্য, ছবি ও ভিডিও প্রকাশ করা হয়। তারপরও কোনো কারণে যদি গ্রুপ ও পেইজটি বন্ধ হয়ে যায়, সেজন্য ওইগুলোর প্রতিটির একটি করে ব্যাকআপ বা বিকল্প গ্রুপ ও পেইজও খুলে রাখা হয়েছে। ওয়েবসাইটেও সেগুলোর লিংক দেওয়া হয়েছে। এর বাইরে, ইউটিউব ও টেলিগ্রামে ফাতাহ্ কমব্যাট সিস্টেমের নিজস্ব চ্যানেল রয়েছে। ডিজিটাল এসব প্ল্যাটফর্মের মাধ্যমে শুরু থেকেই প্রশিক্ষণের জন্য সদস্য সংগ্রহের চেষ্টা চালিয়ে আসছে সংগঠনটি। এক্ষেত্রে নিজের পরিচয় দিতে গিয়ে সংগঠনটি বলছে, তারা "বিশ্বের প্রথম শিরকমুক্ত, কুফরমুক্ত, মিউজিকমুক্ত এবং পরিপূর্ণ শরিয়াহভিত্তিক ইসলামী মার্শাল আর্ট" প্রশিক্ষণ কেন্দ্র। "আমাদের লক্ষ্য কেবল একজন দক্ষ প্রশিক্ষণার্থী তৈরি করা নয়; বরং এমন আত্মবিশ্বাসী, শৃঙ্খলাবদ্ধ ও দায়িত্বশীল মুসলিম গড়ে তোলা, যিনি প্রয়োজনে শরিয়াহ্-এর নির্দেশনা মেনে নিজের, পরিবারের এবং নিরপরাধ মানুষের আত্মরক্ষা করতে সক্ষম," ফেসবুকে পেইজের পোস্টে উল্লেখ করেছে ফাতাহ্ কমব্যাট সিস্টেম। গত ২০ জুন সংগঠনটির ইউটিউব চ্যানেলে প্রকাশিত আরেকটি ভিডিওতে সংগঠন বলছে, "এটা শুধু শারীরিক প্রশিক্ষণ নয়। এটা আত্মরক্ষা, শৃঙ্খলা, মানসিক দৃঢ়তা এবং ঈমানি শক্তি দৃঢ় করার একটি প্ল্যাটফর্ম।"

**ঢাকায় গ্রেফতার যেভাবে**

খুলনা থেকে শুরু করলেও গত ছয় মাসে সংগঠনটির কার্যক্রম যশোর এবং ঢাকাতেও ছড়িয়ে পড়ে। এর মধ্যে যশোরের সদর এবং অভয়নগর উপজেলায় তাদের তিনটি প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে বলে ফেসবুকে পেইজে উল্লেখ করা হয়েছে।

যদিও পুলিশ বলছে, খুলনার বাইরে তারা বিভিন্ন নির্জন খোলা জায়গায় প্রশিক্ষণ কার্যক্রম চালিয়ে আসছিল। সেই ধারাবাহিকতায় চলতি সপ্তাহের শুরুতে ঢাকায় রমনা পার্কে এ ধরনের একটি প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের চেষ্টা করে সংগঠনটি। কিন্তু শেষ পর্যন্ত সেটাতে সফল না হয়ে পরে যাত্রাবাড়ীর কোনাপাড়া এলাকার একটি মাঠে প্রশিক্ষণের স্থান নির্ধারণ করে ফাতাহ্ কমব্যাট সিস্টেম। গত ৫ জুলাই ভোরে প্রশিক্ষণ শুরু সময় সেখান থেকে প্রশিক্ষকসহ ছয়জন তরুণকে গ্রেফতার করে পুলিশ। "আমাদের কাছে তথ্য ছিল যে, তারা ওইদিন ভোরে বালুর মাঠে প্রশিক্ষণ শুরু করছে। খবর পেয়ে আমরা সেখানে পৌঁছালে তারা পালানোর চেষ্টা করলেও আমরা ধরে ফেলি," বলেন যাত্রাবাড়ী থানা পুলিশের পরিদর্শক এবি সিদ্দিক।

**কে এই সাবির?**

শাহ্ আমানত সাবির নামের যে ব্যক্তির হাত ধরে ফাতাহ্ কমব্যাট সিস্টেমের যাত্রা শুরু, তার বয়স ২৩ বছর। ওই তরুণের জন্মস্থান ও বসবাস খুলনায় বলে জানিয়েছে পুলিশ। মি. সাবিরের ফেসবুক প্রোফাইলে উল্লেখ করা হয়েছে যে, তিনি পড়াশোনা করেছেন খুলনায়। তবে ঠিক কোন শ্রেণি পর্যন্ত পড়াশোনা করেছেন, সেই তথ্য দেওয়া হয়নি। ফেসবুকে প্রকাশিত একটি ভিডিওতে মি. সাবির জানান, বছর আটেক আগে মার্শাল আর্টের ওপর তিনি প্রশিক্ষণ শেষ করেন। এরপর ন্যাশনাল স্কুল অব ব্যুখান মার্শাল আর্টের খুলনা শাখায় প্রশিক্ষক হিসেবে যোগদান করেন। ২০১৮ থেকে ২০২৫ সাল পর্যন্ত প্রায় সাত বছর সেখানে তিনি কাজ করেন। পরে প্রতিষ্ঠানটির সঙ্গে মতবিরোধের জেরে ২০২৫ সালের ডিসেম্বর চাকরিটি ছেড়ে দেন বলে জানান মি. সাবির। দ্বন্দ্বের কারণ ব্যাখ্যা করতে গিয়ে ফেসবুকের ওই ভিডিওতে তিনি বলেন, "আমরা মুসলিম হিসেবে মিউজিককে হারাম মনে করি। এ বিষয়ে ফেডারেশনের সঙ্গে ঝামেলা হওয়ায় ২০২৫ সালের ডিসেম্বর মাসে আমি ব্যুখান থেকে অফিসিয়ালি রিজাইন করি।" এরপর ২০২৬ সালের জানুয়ারিতে ফাতাহ্ কমব্যাট সিস্টেম (এফসিএস) প্রতিষ্ঠা করেন মি. সাবির। প্রতিষ্ঠানটিকে তিনি পরিচয় করিয়ে দেন 'শরিয়াহভিত্তিক ইসলামী মার্শাল আর্ট প্রশিক্ষণ কেন্দ্র' হিসেবে। "এটি এমন একটি মার্শাল আর্ট স্টাইল, যেখানে হারাম মিউজিক ব্যবহার হয় না। মার্শাল আর্টের মাথা ঝুকিয়ে সম্মান করার রীতি এখানে বাদ দেওয়া হয়েছে, যেহেতু একজন মুসলিম শুধুমাত্র আল্লাহ-তায়ালার সামনেই মাথা ঝোকাবে," ভিডিওতে বলেন মি. সাবির। তিনিই প্রতিষ্ঠানটির মূল প্রশিক্ষক। তবে তার বেশ কয়েকজন সহযোগী রয়েছেন, যারা প্রশিক্ষণ কার্যক্রম পরিচালায় সহায়তা করে থাকেন বলে জানিয়েছে পুলিশ। এছাড়া স্ত্রীকেও প্রশিক্ষণ দিচ্ছেন জানিয়ে শিগ্‌গিরই মুসলিম নারীদের জন্যও মার্শাল আর্ট প্রশিক্ষণ কার্যক্রম শুরু করবেন বলে গত মে মাসে জানান মি. সাবির।

**পুলিশের অভিযোগ**

ডিজিটাল প্ল্যাটফর্মের তথ্যে ফাতাহ্ কমব্যাট সিস্টেম দাবি করছে যে, তারা 'শরিয়াহভিত্তিক ইসলামি মার্শাল আর্ট প্রশিক্ষণ দিয়ে থাকে, যার মূল উদ্দেশ্য আত্মরক্ষা। কিন্তু পুলিশ বলছে, প্রতিষ্ঠানটি মার্শাল আর্টের আড়ালে উগ্রবাদী কার্যক্রম পরিচালনার প্রশিক্ষণ দিচ্ছে বলে তাদের কাছে তথ্য রয়েছে। আফগানিস্তান ও পাকিস্তানের উগ্রপন্থি বিভিন্ন সশস্ত্র গোষ্ঠীর সঙ্গে এফসিএসের যোগাযোগ রয়েছে, এমনকি টাকা নিয়ে তাদের পক্ষে সদস্য সংগ্রহ এবং অস্ত্র প্রশিক্ষণ দিচ্ছে বলেও অভিযোগ পেয়েছেন পুলিশের কর্মকর্তারা। প্রাথমিক তদন্তে উগ্রপন্থি মতাদর্শের পক্ষে জনসমর্থন তৈরির ব্যাপারে কিছু তথ্যপ্রমাণ পাওয়ার কথা বলছেন তারা। "মার্শাল আর্ট প্রশিক্ষণের আড়ালে তারা মূলত সাধারণ তরুণদের উগ্রবাদী মতাদর্শের পক্ষে আনার প্রচেষ্টা চালাচ্ছিল। তাদের পরিকল্পনা ছিল ধীরে ধীরে সংগঠিত হওয়া এবং শক্তি সঞ্চয় করা," বলেন কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিটের ঊর্ধ্বতন একজন কর্মকর্তা। স্থানীয়ভাবে উপকরণ সংগ্রহ করে তারা বোমা তৈরির চেষ্টা করছিল বলেও দাবি করেছে পুলিশ। "বোমা তৈরির পর পরীক্ষামূলকভাবে সেটি বিস্ফোরণ করা হচ্ছে- এমন একটা ভিডিও আমরা পেয়েছি " বিবিসি বাংলাকে বলে নামপ্রকাশে অনিচ্ছুক ওই সিটিটিসি কর্মকর্তা। জিজ্ঞাসাবাদে 'পটকার বারুদ' দিয়ে হাত বোমা এবং পেট্রোল দিয়ে 'পেট্রোল বোমা' বানানোর চেষ্টার কথা তারা স্বীকার করেছে বলেও পুলিশের পক্ষ থেকে দাবি করা হয়েছে। তবে বিদেশি উগ্রপন্থি কোনো সশস্ত্র গোষ্ঠীর সঙ্গে এফসিএসের যোগাযোগ ছিল কি-না বা তাদের হয়ে সদস্য সংগ্রহ করছিল কি-না, সেটি এখনো নিশ্চিত হতে পারেননি কর্মকর্তারা। "এসব অভিযোগের বিষয়ে আমরা তদন্ত চালিয়ে যাচ্ছি। তদন্ত শেষ হলেই বিষয়টা পরিষ্কার হওয়া যাবে," বলেন ওই কর্মকর্তা।

গত ছয় মাসে ঠিক কতসংখ্যক মানুষকে সংগঠনটি প্রশিক্ষণ দিয়েছে, সেটার সঠিক কোনো তথ্য নেই পুলিশের কাছে। ফাতাহ্ কমব্যাটও এ বিষয়ে তথ্য প্রকাশ করেনি। তাছাড়া ঢাকায় ছয়জন গ্রেফতার হওয়ার পর যশোর ও খুলনার প্রশিক্ষণ কেন্দ্রগুলো বন্ধ রাখা হয়েছে বলে জানা যাচ্ছে। এ বিষয়ে কেন্দ্রগুলোর নম্বরে যোগাযোগ করা হলেও, মন্তব্য পাওয়া যায়নি। তবে গ্রেফতার হওয়ার আগে উগ্রপন্থার অভিযোগ অস্বীকার করেছে ফাতাহ্ কমব্যাটের প্রতিষ্ঠাতা। গত মে মাসের শেষের দিকে নিজের ফেসবুক প্রোফাইলে প্রকাশিত ভিডিওতে প্রতিষ্ঠাতা ও প্রশিক্ষক শাহ্ আমানত সাবির দাবি করেন, দেশে-বিদেশে কোনো উগ্রপন্থি গোষ্ঠীর সঙ্গে তাদের সম্পর্ক নেই। অর্থ নিয়ে বিদেশি সংগঠনের পক্ষে সদস্য সংগ্রহ বা অস্ত্র প্রশিক্ষণ দিচ্ছে না বলেও দাবি করেন মি. সাবির। প্রশিক্ষণের ভর্তি ফি দিয়েই নিজেরা কার্যক্রম চালান বলে জানান তিনি। তার মুক্তি চেয়ে ফেসবুকের বিভিন্ন পোস্ট ও কমেন্টে থানা ঘেরাওসহ নানান হুমকি দেওয়া হচ্ছে বলে জানিয়েছেন তদন্তকারী কর্মকর্তারা। "কিন্তু আমরা এসব হুমকিতে ভীতু নই। বরং যারা এসব হুমকি-ধামকি

দিচ্ছে, তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেবো," বলেন ডিএমপির কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিটের কর্মকর্তা। (বিবিসি ওয়েব পেজ : ১০.০৭.২০২৬ আলী আহমেদ)

## হেফাজতে মৃত্যু নিয়ে প্রশ্ন, কারাবন্দিদের চিকিৎসায় ঘাটতিতে উদ্বেগ

ডিবি পুলিশের হাতে আটক হয়ে কারাগারে যাওয়ার পরদিনই মৃত্যু হয় কার্যক্রম নিষিদ্ধ সংগঠন যুবলীগের সঙ্গে সংশ্লিষ্ট নূরুল আলমের। সুস্থ-সবল মানুষটি কারাগারে যাওয়ার পরদিনই কীভাবে মারা গেলো, সেই প্রশ্ন তুলেছে তার পরিবার। চট্টগ্রামে গত ২৩ জুন আটক হয়েছিলেন নূরুল আলম। পরদিন ২৪ জুন তার মৃত্যুর পর আলোচনা-সমালোচনা শুরু হয়। তার বড়ো ভাই নূর মোহাম্মদ বিবিসি বাংলাকে বলেন, এই মৃত্যু অস্বাভাবিক। ভাইয়ের মৃত্যুর পেছনে দুটি কারণকে সন্দেহ করছেন তিনি। "একটা হচ্ছে পলিটিক্যাল, আরেকটা হচ্ছে জায়গা সম্পত্তির বিরোধ। যে-কোনো একটা দ্বন্দ্বের ভেতর দিয়ে আমার ভাইকে হত্যা করা হয়েছে এইটাই আমাদের অভিযোগ।" তবে কারা কর্তৃপক্ষের দাবি, চট্টগ্রাম কারাগারে তাকে সুস্থ অবস্থায় গ্রহণ করা হয়েছিল এবং শরীরে কোনো আঘাতের চিহ্ন ছিল না। জেলে যাওয়ার পরদিন সকালে নাস্তা করার পর অসুস্থ বোধ করলে একজন বন্দির সঙ্গে হেঁটেই কারা হাসপাতালে গিয়েছিলেন নূরুল আলম। বিষয়টি তদন্ত করে মৃত্যুর প্রকৃত কারণ জানার চেষ্টা করছে বলেও জানিয়েছে কারা অধিদপ্তর। তবে নূরুল আলমের মৃত্যুই এ ধরনের একমাত্র ঘটনা নয়। ২১ জুন ফরিদপুরের মধুখালীতে ইশতিয়াক আহম্মেদ প্রান্ত নামে একজনকে ডিবি পুলিশ আটকের পরদিনই তার মৃত্যু হয়।

মানবাধিকার সংগঠনের হিসাব অনুযায়ী, এ বছর প্রথম ছয় মাসে পুলিশ হেফাজতে চারজনের মৃত্যুর অভিযোগ পাওয়া গেছে, আর এই সময়ে কারা হেফাজতে অন্তত ৬১ জন মারা গেছেন। বিশেষ করে, ২০২৪ সালে জুলাই গণ-অভ্যুত্থানের পর কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের বিভিন্ন সংগঠনের নেতাকর্মী, সাবেক এমপি-মন্ত্রী কারাগারে অস্বাভাবিক মৃত্যুর শিকার হয়েছেন বলে অভিযোগ করা হচ্ছে। আওয়ামী লীগের পতনের আগেও এ ধরনের মৃত্যুর অভিযোগ অহরহই উঠতে দেখা গেছে এবং প্রধানত, ক্ষমতাসীনদের বিরোধীরাই সবসময় কারাগার ও পুলিশ হেফাজতে অস্বাভাবিক মৃত্যুর অভিযোগ তুলে আসছেন। এসব মৃত্যুর ঘটনার সঙ্গে বাংলাদেশের কারাগারগুলোতে বন্দিদের চিকিৎসা পাওয়ার সুযোগ কতটা আছে, সে নিয়েও প্রশ্ন উঠছে।

**আটকের পরদিনই মৃত্যু**

ফেব্রুয়ারি মাসে নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় আসা বিএনপি সরকারের সময় প্রথম পুলিশ হেফাজতে মৃত্যুর অভিযোগ এসেছে ফরিদপুরে ২১ জুন। ডিবি পুলিশের হাতে আটক ইশতিয়াক আহম্মেদ প্রান্ত কার্যক্রম নিষিদ্ধ ছাত্রলীগের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত ছিলেন বলে জানা যাচ্ছে। প্রান্তর মায়ের দাবি, আটকের পর যোগাযোগ-দেনদরবার করে প্রান্তকে ছাড়ানোর চেষ্টা করা হয়েছিল। কিন্তু ছাত্রলীগের রাজনীতির সঙ্গে তার সম্পৃক্ততার তথ্য পেয়ে শেষ পর্যন্ত আর প্রান্তকে ছাড়তে রাজি হয়নি পুলিশ। "তাকে বাড়ি থেকে ধরে নিয়ে গেছে। সবার সামনে মারছে, সবাই দেখেছে। তারা বলছে- ও নির্দোষ, ছেড়ে দেন। কারো কথা শোনে নাই," বলেন প্রান্তর মা খাদিজা আক্তার নিপা। প্রান্তর মৃত্যুর পর বিক্ষুব্ধ এলাকাবাসী আধাঘণ্টার মতো মধুখালীতে মহাসড়ক অবরোধ করেছিল বলেও তিনি জানান। প্রান্তর বিরুদ্ধে মামলার এজাহারে তাকে রাতে আটক এবং প্যান্টের পকেট থেকে ১০০ গ্রাম গাঁজা উদ্ধারের কথা উল্লেখ করে পুলিশ। তবে ২০ জুন বাড়ির সামনে থেকে আটকের একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। যেখানে দিনের বেলায় লুঙ্গি পরা অবস্থায় সাদা পোশাকে তাকে ধরতে দেখা যায়। এ ব্যাপারে ফরিদপুর পুলিশ সুপার মো. নজরুল ইসলাম বিবিসি বাংলাকে জানান, অভিযানের সঙ্গে যুক্ত সবাইকে প্রত্যাহার করা হয়েছে এবং একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। "আমি ঘটনার পরপরই ডিবির যে ইন্সপেক্টর ছিলেন, ওসি, ডিবিসহ আভিযানের টিমে যারা ছিলেন, তাদের সবাইকে প্রত্যাহার করে নিয়েছি এবং তাদের নতুন করে আর দায়িত্ব দেওয়া হয়নি। আমরা একটি ইনকোয়ারি কমিটি করে দিয়েছি এবং আমি আশ্বস্ত করতে পারি, একটি স্বচ্ছ ইনকোয়ারি হবে, ইমপারশিয়াল হবে। তদন্তে যে বিষয়টা আসবে, আমরা সেভাবে ব্যবস্থা নেব," বলেন ফরিদপুরের পুলিশ সুপার। ওই ঘটনার দু-দিন পরেই চট্টগ্রাম কারাগারে নূরুল আলমের মৃত্যুকে ঘিরেও প্রশ্ন উঠেছে। "অ্যারেস্ট হওয়ার পরে ডক্টরের উপস্থিতিতে ওনার পুরো চেকআপ হয়। তার কোনো কমপ্লিকেশন ছিল না, কোনো ইনজুরিও ছিল না। হি ওয়াজ ফ্রেশ। উনি রাতে থেকেছেন এবং পরবর্তী দিনে উনি ব্রেকফাস্ট করেছেন নরমাল বন্দির মতোই ছিলেন," বলেন কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল মো. মোতাহের হোসেন। তিনি আরো জানান, "যখন কেইস টেবিলে আসেন, তখন জেলারকে উনি কমপ্লেইন করেছেন ওনার খারাপ লাগছে। তৎক্ষণাৎ ওনাকে আমাদের হসপিটালে নেই। উনি কিন্তু নিজে হেঁটেই গিয়েছেন। পরে যখন আরো অস্বস্তি বোধ করেছেন, চট্টগ্রাম মেডিকেলে নেওয়ার পরেই ডক্টর বলেছেন, উনি ডেড। ফরেনসিক পরীক্ষা চলছে। আমরা রিপোর্ট পাইনি। সম্ভবত সিভিয়ার হার্ট অ্যাটাক।" 'অস্বাভাবিক মৃত্যু'- ভুক্তভোগীর পরিবারের এমন সন্দেহ প্রসঙ্গে ব্রিগেডিয়ার জেনারেল মোতাহের হোসেন বলেন, বন্দির ভাই গিয়েছেন ঘটনার পরে। যারা বন্দির সাথে ছিলেন, তাদের সাথে কথা বলেছেন। "(নূরুল আলম) রাতে এসেছেন, সকাল বেলায় ঘটনা ঘটেছে। রাতে কিন্তু আমাদের সব বন্দিরা লকাপে থাকেন। অন্য কিছুর সুযোগ নেই। যে অভিযোগটা হয়েছে যে, অত্যাচার করা হয়েছে, এটা সম্ভবত সঠিক নয়। তারপরও ফরেনসিক রিপোর্টের জন্য অপেক্ষা করছি, তাহলে মৃত্যুর সঠিক কারণটা পাওয়া যাবে।"

**হেফাজতে মৃত্যু নিয়ে উদ্বেগ**

বাংলাদেশে সব সরকারের আমলেই কারাগারে ও পুলিশ হেফাজতে মৃত্যু নিয়ে দেশি-বিদেশি মানবাধিকার সংগঠনগুলো উদ্বেগ প্রকাশ করে আসছে। মানবাধিকার সংস্থা আইন ও সালিশ কেন্দ্রের এক হিসেবে এ বছর ছয় মাসে কারা হেফাজতে অন্তত ৬১ জনের এবং পুলিশ হেফাজতে চারজনের মৃত্যুর তথ্য তুলে ধরা হয়েছে। ২০২৫ সালে কারাগারে ১১৬ জন এবং পুলিশ হেফাজতে অন্তত ১১ জনের মৃত্যুর হিসাব আছে সংগঠনটির। আরেকটি সংগঠন মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের হিসেবে, ২০২১-২০২৬ পর্যন্ত ছয় বছরে বাংলাদেশে কারা হেফাজতে ৫৪২ জন এবং পুলিশ হেফাজতে ৭৭ জনের মৃত্যু হয়েছে। মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের (এমএসএফ) নির্বাহী পরিচালক মো. সাইদুর রহমান বিবিসি বাংলাকে বলেন, বাংলাদেশে জুলাই অভ্যুত্থানের পর কারাগার ও পুলিশ হেফাজতে মৃত্যু বন্ধ হবে- এমন একটি প্রত্যাশা ছিল, কিন্তু বাস্তবতা হলো এটা বন্ধ হয়নি। "খুবই দুঃখজনক, এসব জিনিস আমরা ৫ আগস্ট পরবর্তীতে আশা করি না। কারাগার ও পুলিশ সিস্টেমে কোনো চেঞ্জ হয়নি, একটুও না। চব্বিশের আগেও যা ছিল পুলিশ সিস্টেম, এখনো সেইম। পুলিশ হেফাজতে, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হেফাজতে, কারা হেফাজতে মৃত্যু তদন্ত করবে মানবাধিকার কমিশন কিন্তু মানবাধিকার কমিশন এখনো গঠনই হয় নাই।" মি. রহমান বলেন, নির্বাচিত নতুন সরকারের সময়কালে তাদের পরিসংখ্যান অনুযায়ী কারাগারে মৃত্যু উল্লেখযোগ্য হারে কমেনি, তবে পুলিশ হেফাজতে মৃত্যুর সংখ্যা অনেকটা কমেছে।

**বন্দিদের চিকিৎসার ব্যবস্থায় দুর্বলতা?**

পুলিশ বা কারা হেফাজতে মৃত্যু ঘটনায় বন্দিদের চিকিৎসা সুবিধা দেওয়ার বিষয়টি নিয়েও প্রশ্ন সামনে আসে। এ বিষয়ে সংকটের কথা স্বীকার করছে কারা কর্তৃপক্ষই। বাংলাদেশের চুয়াত্তরটি কারাগারে সার্বক্ষণিক দেড়শ চিকিৎসকের পদ থাকলেও এসব পদে মাত্র দুইজন ডাক্তার রয়েছেন, দেশটির অর্ধশতাধিক কারাগারে বন্দি রোগী পরিবহণে কোনো অ্যাম্বুলেন্স নেই, দুইশ শয্যার কারা হাসপাতালের জন্য প্রায় এক দশক আগে রোগ নির্ণয়সহ উন্নত চিকিৎসার আধুনিক যন্ত্রপাতি কেনা হলেও, লোকবল না থাকায় সেগুলো কখনও খোলা হয়নি বলে জানাচ্ছে কারা অধিদপ্তর। কারাগারে বন্দিদের সুচিকিৎসার সংকট, অবহেলা এবং কারা হেফাজতে মৃত্যুর নিয়ে উদ্বেগের বিষয়ে প্রশ্ন করা হলে বিবিসি বাংলাকে কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল মোতাহের হোসেন বলেন, "আমাদের অনেক কারাগারে অ্যাম্বুলেন্স নেই। আমরা হয়ত অন্যান্য বাহনের মাধ্যমে নিচ্ছি।" "ধরেন, একটা ইমার্জেন্সিতে অ্যাম্বুলেন্স থাকলে তাকে যে হেল্প করা যায়, একটা গাড়ি অথবা পিকআপ অথবা জিপ দিয়ে কিন্তু কোনোভাবেই ওই ফ্যাসিলিটিটা দেওয়া যায় না। এটাও কিন্তু একটা বড়ো সমস্যা।" কারা অধিদপ্তরের হিসেবে, গত ছয় মাসে বাংলাদেশের কারাগারগুলোয় ১২৯ জন বন্দির মৃত্যু হয়েছে, এর মধ্যে ৭৪ জনকে হাসপাতালে নেওয়ার আগেই তাদের মৃত্যু হয়।

বাংলাদেশে কারাগারগুলোয় চিকিৎসা সেবার সংকট, অবহেলা এবং ইমারজেন্সি বা জরুরি চিকিৎসার মারাত্মক ঘাটতির অভিযোগ আছে। কয়েকমাস কারাভোগ করা একজন নারী বিবিসি বাংলাকে বলেন, তিনি থাকাকালীন কারাগারে দু-জন বন্দির মৃত্যু দেখেছেন, যারা তার দৃষ্টিতে সুচিকিৎসা পাননি। নিজের ভয়াবহ অভিজ্ঞতা তুলে ধরে তিনি দাবি করেন, বন্দি অবস্থায় সুচিকিৎসার অভাব ও অবহেলার কারণে তারও অকাল গর্ভপাত হয়েছে। তার অভিযোগ, কারাগারে বিনা বিচারে আটক অনেকেই সুচিকিৎসা পাচ্ছেন না। "আমার হাই প্রেসার ছিল, খেতে পারছিলাম না, সুগার বেশি ছিল। বারবার বলছিলাম কেউ পাত্তাই দিচ্ছিল না। আমার বাচ্চা কয়টা- এসব বলে ইয়ার্কি মারতেছিল মনে হয় তারা। যাই হোক, বের হয়ে আসতে না পারলে আমি মনে হয় মারা যেতাম। খুব অবহেলা, একটা মেয়ে মারা গেছে মেয়েটার অবস্থা এত খারাপ ছিল। একটা ডিউটি ডক্টর থাকে না চব্বিশ ঘণ্টা। কেউ যদি মারা যায়, তখন কী হবে! যেমন আমাদের পাশেই একজন বয়স্ক মহিলা ছিল ভাত খাচ্ছিল, উনি ভাত খাওয়া অবস্থায় মারা গেছেন।" বন্দিদের চিকিৎসায় অবহেলা নয়, বরং সীমাবদ্ধতা আছে- এমনটা দাবি করে কারা অধিদপ্তর। কারা মহাপরিদর্শক বলেন, কিছু চ্যালেঞ্জ আছে। যেমন ডক্টরদের একটা ঘাটতি আছে। উনারা কিন্তু দিনের বেলায় এসে রোগী দেখে চলে যান। ২৪ ঘণ্টা সেবা দেন না। তবে কারাগারে আসার পর বন্দিদের একটা মেডিকেল চেকাপ হয়, কোনো রকমের আঘাত বা অসুস্থতা আছে কি না- তা চেক করা হয় বলে তিনি জানান। বর্তমানে কারাগারগুলোর মধ্যে শুধু রাজশাহী এবং মানিকগঞ্জ জেলা কারাগারে সার্বক্ষণিক চিকিৎসক রয়েছে, বাকি ৭২টি কারাগারে সাময়িক অ্যাটাচমেন্টে থাকা ১০১ জন চিকিৎসক দিনের নির্দিষ্ট সময় আসেন। "রাতে যদি ডক্টর না থাকেন, ওই সময় ডক্টর পাওয়া সম্ভব হয় না। বাসা থাকলে কিন্তু উনি থাকতেন এবং রাতেও রেসপন্ড করতেন। রাতে যখন ইমার্জেন্সিগুলো হয়, তখন কিন্তু আমাদের ফার্মাসিস্ট, ডিপ্লোমা নার্স, তাদের মাধ্যমে কিন্তু আমাদের ডিল করতে হয়। হাসপাতালে নিতেও সময় লাগে।" কারা মহাপরিদর্শক বলেন, তারা প্রায় দুই বছরে এই বিষয়টা সমাধান করার জন্য মন্ত্রণালয় পর্যায়ে, স্বাস্থ্যসেবা অধিদপ্তর পর্যায়ে কাজ করেও সমাধান করতে পারেননি।

**অলস পড়ে আছে চিকিৎসা সরঞ্জাম**

কারাগারে রোগ নির্ণয় ব্যবস্থা নেই বলেও অভিযোগ আছে, যেটি কারা অধিদপপ্তরের বক্তব্যেও উঠে এসেছে। কারা মহাপরিদর্শক বলেন, মেশিন কেনা হয়েছে, কিন্তু লোকবল না থাকায় সেগুলো পড়ে আছে বছরের পর বছর। "আমাদের কাশিমপুরে দুইশ বেডের কারা হসপিটাল আছে, ওখানে হসপিটাল চালানোর জন্য সকল মেশিন দেওয়া

আছে। কিন্তু অলমোস্ট দশ বছর ধরে ওই মেশিন কিন্তু খোলাই হয়নি। বিকজ আমি খুলে কী করবো? আমার তো লোক নেই। ওটি মেশিন, এক্সরে মেশিন, অত্যাধুনিক সব মেশিন রয়েছে কিন্তু আমরা চালাতে পারছি না। কারণ ওই জনবল আমাদের নাই।" চট্টগ্রাম কারা হাসপাতালেও প্রায় এক দশক আগে একটি এক্সরে মেশিন কেনার পরও সেটি কোনোদিন চালু করা হয়নি বলে জানান কারা মহাপরিদর্শক। "টাকা খরচ করেই এটা কেনা হয়েছে, কিন্তু জনবল না থাকার কারণে এটা চালু করা যায়নি।"(বিবিসি ওয়েব পেজ : ১০.০৭.২০২৬ নারগীস)

## এনএইচকে

### পিতার দাফন অনুষ্ঠানে ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনিকে দেখা যায়নি

ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে যে, দেশটির সাবেক সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনেয়ীকে বৃহস্পতিবার দাফন করা হয়েছে। তবে তার পুত্র ও উত্তরসূরি মোজতবা খামেনেয়ী সেখানে উপস্থিত ছিলেন কিনা, তা গণমাধ্যম জানায়নি। ফেব্রুয়ারি মাসে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের এক হামলায় আয়াতুল্লাহ আলী খামেনেয়ী নিহত হন। উত্তরপূর্ব ইরানের মাশহাদে শিয়াদের পবিত্র স্থান ইমাম রেজার মাজারে তাকে দাফন করা হয়। দাফনের আগে মোজতবার তিন ভাই, তাদের পিতার কফিনের সামনে দাঁড়িয়ে বহু শোকাহত মানুষের সঙ্গে প্রার্থনা করেন। দাফনের পরপরই যুদ্ধ বন্ধ করা নিয়ে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনা পুনরায় শুরু হওয়ার কথা ছিল। তবে যুক্তরাষ্ট্র মঙ্গলবার জানায় যে, হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজের উপর তেহরানের হামলার জবাবে তাদের সামরিকবাহিনী ইরানের ওপর হামলা চালিয়েছে। এরপর থেকেই উভয় পক্ষ একে অপরের উপর হামলা চালিয়ে আসছে।
(এনএইচকে ওয়েব পেজ: ১০.০৭.২০২৬ রুবাইয়া)

## রেডিও তেহরান

### পুত্রের ইমামতিতে জানাজা শেষে মাশহাদে দাফন শহিদ খামেনেয়ীর

কোটি মানুষের অংশগ্রহণে ইরানের মাশহাদ নগরীতে ইসলামী বিপ্লবের শহিদ নেতা আয়াতুল্লাহ সাইয়েদ আলী খামেনেয়ীর জানাজা ও দাফন সম্পন্ন হয়েছে। ইমাম রেজা (আ.)-এর পবিত্র হারামে অনুষ্ঠিত জানাজার নামাজে ইমামতি করেন তার জ্যেষ্ঠ পুত্র আয়াতুল্লাহ সাইয়েদ মোস্তফা খামেনেয়ী। পিতার কফিনের সামনে দাঁড়িয়ে পুত্রের ইমামতিতে জানাজার এই দৃশ্য উপস্থিত লাখো মানুষের জন্য ছিল এক গভীর আবেগঘন মুহূর্ত। ইমাম রেজা (আ.)-এর পবিত্র রওজার সান্নিধ্যে শহিদ নেতার শেষ বিদায়ের এই দৃশ্য ইরানের সাম্প্রতিক ইতিহাসের অন্যতম স্মরণীয় মুহূর্ত হিসেবে স্থান করে নিয়েছে। প্রেস টিভির তথ্য অনুযায়ী, তেহরান, কোম, নাজাফ, কারবালা ও মাশহাদে অনুষ্ঠিত জানাজা ও বিদায় অনুষ্ঠানে মোট ৪ কোটি ১০ লাখ থেকে ৪ কোটি ৩০ লাখ মানুষের অংশগ্রহণ ছিল। সরকারি ও স্বতন্ত্র বিভিন্ন সূত্রের তথ্য, গণপরিবহণের যাত্রীসংখ্যা, মোবাইল ফোন সিগনাল, জনঘনত্ব বিশ্লেষণ এবং অনুষ্ঠানস্থলের আয়তনের ভিত্তিতে এই হিসাব প্রস্তুত করা হয়েছে। (রেডিও তেহরান ওয়েব পেজ : ১০.০৭.২০২৬ নারগীস)

### প্রতিদিনই পরিণতির দিকে আরও এগোচ্ছেন নেতানিয়াহু : মারিভ

ইসরাইলের একটি গণমাধ্যম প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর কর্মকাণ্ডের সমালোচনা করে বলেছে, প্রতিটি দিন পার হওয়ার সঙ্গে সঙ্গে তিনি তার রাজনৈতিক পরিণতির আরও কাছাকাছি পৌঁছে যাচ্ছেন। পার্সটুডের খবরে, ইরনার বরাতে বলা হয়েছে, ইসরাইলি দৈনিক মারিভ এক প্রতিবেদনে লিখেছে, বর্তমান সময়টি নেতানিয়াহুর জন্য 'উদ্ধারের সময়' হওয়ার কথা থাকলেও, তা একের পর এক ব্যর্থতা ও বিপর্যয়ে পরিণত হয়েছে। প্রতিবেদনটি এমন সময় প্রকাশিত হলো, যখন ইসরাইলে নেতানিয়াহুর সরকার এবং দেশটির রাজনৈতিক ও নিরাপত্তা নেতৃত্বের বিরুদ্ধে সমালোচনা ক্রমেই বাড়ছে। এদিকে, ইসরাইলের কেন্দ্রীয় পরিসংখ্যান দপ্তরের সর্বশেষ জরিপে দেখা গেছে, দেশটির রাজনৈতিক, নিরাপত্তা ও বিচারিক প্রতিষ্ঠানের প্রতি ইসরাইলিদের আস্থা উল্লেখযোগ্যভাবে কমেছে। মারিভ-এর জরিপ অনুযায়ী, ৬৩ শতাংশ ইসরাইলি শাসনব্যবস্থার ভবিষ্যৎ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। অন্যদিকে, ইসরাইলের চ্যানেল ১৩-এর নতুন জরিপে দেখা গেছে, সাবেক প্রধানমন্ত্রী নাফতালি বেনেট-এর জনপ্রিয়তা ও রাজনৈতিক শক্তি উল্লেখযোগ্যভাবে বেড়েছে, বিপরীতে নেতানিয়াহুর রাজনৈতিক অবস্থান দুর্বল হয়েছে।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ১০.০৭.২০২৬ নারগীস)

## ডয়চে ভেলে

### বাংলাদেশে রোববার পর্যন্ত প্রবল বৃষ্টি হতে পারে

বাংলাদেশ-জুড়ে গত প্রায় পাঁচদিন ধরে যে বৃষ্টি হচ্ছে, তা শুক্রবারও চলতে পারে। দেশের অন্তত চার বিভাগের বিভিন্ন অঞ্চলে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। চট্টগ্রাম বিভাগের বিভিন্ন এলাকায় পাহাড় ধসে অন্তত ৩০ জন মারা গেছেন। ওই বিভাগের অনেক স্থানে সড়ক যোগাযোগ বিপর্যস্ত হয়ে পড়েছে। আবহাওয়া অধিদপ্তর সূত্র জানিয়েছে, প্রবল বৃষ্টি রোববার পর্যন্ত চলতে পারে। রাজধানী ঢাকাতেও শুক্রবার সারাদিন মাঝে মধ্যেই বৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে বলে অধিদপ্তর সূত্র জানিয়েছে। আবহাওয়াবিদ কাজী জেবুন্নেছা শুক্রবার ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, গত প্রায় পাঁচদিন ধরে বাংলাদেশে বৃষ্টির প্রাথমিক কারণ ছিল বঙ্গোপসাগরে সৃষ্টি হওয়া নিম্নচাপ। পরে সেই নিম্নচাপ অবশ্য চলে গেছে। এখন বৃষ্টি হচ্ছে মূলত মৌসুমি বায়ু বেশ সক্রিয় হয়ে ওঠার কারণে। তিনি আরো বলেন, মৌসুমি

বায়ুর এই সক্রিয়তার প্রভাব দেশের সর্বত্রই দেখা যাচ্ছে। শুক্রবার সারাদিনই দেশের বিভিন্ন স্থানে ভারী বৃষ্টির সম্ভাবনা আছে। যখন কোনো এলাকায় ৪৪ থেকে ৮৮ মিলিমিটার বৃষ্টি হয়, তখন তাকে ভারী বৃষ্টি বলে এবং এর বেশি হলে তাকে অতিভারী বৃষ্টি বলে। গত চারদিনে কক্সবাজার, চট্টগ্রাম, বান্দরবান, রাঙামাটি, ময়মনসিংহ, নেত্রকোনা, কিশোরগঞ্জসহ বিভিন্ন জেলায় অতি ভারী বৃষ্টি হয়েছে।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৭.২০২৬ রনি)

## বাংলাদেশে পাঁচ নদীর পানি বিপৎসীমার ওপরে, বন্দরে সতর্কসংকেত

বাংলাদেশের পাঁচটি নদীর পানি এখনো বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। তবে গতকাল বৃহস্পতিবারের তুলনায় পরিস্থিতির সামান্য উন্নতি হয়েছে। বৃহস্পতিবার যেখানে ছয়টি নদীর পানি বিপৎসীমার ওপরে ছিল, আজ শুক্রবার তা কমে পাঁচটিতে নেমেছে। তবে আগামী কয়েকদিনের বন্যা পরিস্থিতি মূলত বৃষ্টির ধরনের ওপর নির্ভর করবে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। আজ শুক্রবার সকাল ৯টার তথ্যের ভিত্তিতে কেন্দ্রের প্রকাশিত বুলেটিনে এ তথ্য জানানো হয়। চট্টগ্রাম, মোংলা, পায়রা সমুদ্রবন্দর ও কক্সবাজারে তিন নম্বর স্থানীয় সতর্কসংকেত দেখাতে বলা হয়েছে।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৭.২০২৬ রনি)

## ডিসেম্বরে দেশে ফিরে নেতা-কর্মীদের নিয়ে আত্মসমর্পণের পরিকল্পনা শেখ হাসিনার

বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশে ফিরলে তার প্রাণনাশের ঝুঁকি রয়েছে, তা সত্ত্বেও তিনি ও দলের নির্বাসিত জ্যেষ্ঠ নেতারা ডিসেম্বর নাগাদ দেশে ফেরার পরিকল্পনা করছেন। বার্তা সংস্থা রয়টার্সকে শেখ হাসিনা আরো বলেন, ভারত থেকে দেশে ফিরে তিনি আদালতে আত্মসমর্পণ করতে চান। গতকাল বৃহস্পতিবার গভীর রাতে দেওয়া প্রায় এক ঘণ্টার টেলিফোন সাক্ষাৎকারে ৭৮ বছর বয়সি হাসিনা বলেন, "দেশে ফেরার পর তারা আমাকে গ্রেফতার করতে পারে, এমনকি আমাকে হত্যাও করতে পারে।" "তবুও আমাকে যেতেই হবে। আমার দলের নেতা-কর্মীরা চরম দমন-পীড়নের শিকার হচ্ছেন। মৃত্যু যদি আসে, আমি চাই, তা যেন আমার নিজের মাটিতেই আসে, যেখানে আমার বাবা-মায়ের রক্ত ঝরেছিল, যেখানে তাদের সমাহিত করা হয়েছে।" ২০২৪ সালের আগস্টে গণ-আন্দোলনের মুখে বাংলাদেশ ছাড়েন শেখ হাসিনা। গণ-অভ্যুত্থান দমনে প্রাণঘাতী পদক্ষেপের নির্দেশ দেওয়ার দায়ে দেশটির যুদ্ধাপরাধ ট্রাইব্যুনাল গত নভেম্বরে তার অনুপস্থিতিতে তাকে মৃত্যুদণ্ড দেয়। তবে নির্বাসনে থাকা অবস্থায় সব অভিযোগ অস্বীকার করেছেন শেখ হাসিনা।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৭.২০২৬ রনি)

## ইরানে সমাহিত সাবেক সর্বোচ্চ নেতা খামেনেয়ী

শুক্রবার ভোরে তাদের সাবেক সর্বোচ্চ শহিদ নেতা আয়াতুল্লাহ সাইয়্যেদ আলী খামেনেয়ীকে সমাহিত করলো ইরান। বিমান হামলায় খামেনেয়ীর মৃত্যুর চার মাসের বেশি সময় পরে তার দেহ সমাহিত হলো। পতাকায় মোড়া খামেনেয়ীর কফিন পূর্ব ইরানে তার নিজের শহর মাশহাদে ইমাম রেজার মাজারে নিয়ে যাওয়া হয়। এই সময় বাইরে প্রচুর মানুষ জড়ো হয়েছিলেন। তারা প্রার্থনা শুনছিলেন। তবে তার ছেলে ও উত্তরসূরি মোজতবা খামেনেয়ীকে জনসমক্ষে দেখা যায়নি। এক সপ্তাহ ধরে জানাজা মিছিল, সমাবেশ ও শোকপালনের পর এই শেষকৃত্য সম্পন্ন হলো। কয়েক সপ্তাহের যুদ্ধবিরতির পর যুক্তরাষ্ট্রের সঙ্গে এখন ইরানের নতুন করে সংঘাত শুরু হয়েছে। সেই প্রেক্ষাপটে সাবেক সর্বোচ্চ নেতার শেষকৃত্য হলো। ইরানের রেভলিউনারি গার্ড জানিয়েছে, মার্কিন হামলায় তাদের তিন সদস্যের মৃত্যু হয়েছে। সরকারি প্রেস অফিস জানিয়েছে, মার্কিন হামলায় মোট ১৪ জন মারা গেছেন, ৭৮ জন আহত হয়েছেন। সরকারি মিডিয়া দাবি করেছে, জর্ডানের উপর ১০টি ব্যালেস্টিক মিসাইল হামলা করেছে ইরান। মার্কিন হামলার জবাব দিতেই এই পাল্টা হামলা করা হয়েছে। এই পরিস্থিতিতে ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু এবং মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ফোনে কথা বলেছেন। তারা বিভিন্ন ফ্রন্টে সহযোগিতার নীতি চালিয়ে যাবেন বলে ঠিক করেছেন। নেতানিয়াহুর অফিস এক বিবৃতিতে এই কথা জানিয়েছে। বিবৃতিতে বলা হয়েছে, মধ্যপ্রাচ্যে আমেরিকার মুভ নিয়ে ট্রাম্প নেতানিয়াহুকে অবহিত করেছেন। ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৭.২০২৬ রনি)

# জাগো নিউজ

## নাগরিকদের মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করা সরকারের অন্যতম অঙ্গীকার

জনগণের জীবনমান উন্নয়ন এবং প্রত্যেক নাগরিকের জন্য সুস্থ, শিক্ষিত, দক্ষ ও মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করা বর্তমান সরকারের অন্যতম অঙ্গীকার বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার (১১ জুলাই) বিশ্ব জনসংখ্যা দিবস-২০২৬ উপলক্ষ্যে শুক্রবার (১০ জুলাই) দেওয়া এক বাণীতে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী জানান, জনমিতিক সম্ভাবনাকে টেকসই উন্নয়নের শক্তিতে রূপান্তর, মানবসম্পদ উন্নয়ন, সর্বজনীন স্বাস্থ্যসেবার সম্প্রসারণ, পরিবার পরিকল্পনা কার্যক্রমের শক্তিশালীকরণ এবং নারী ও যুবসমাজের ক্ষমতায়নের মাধ্যমে একটি সমৃদ্ধ, অন্তর্ভুক্তিমূলক ও আত্মনির্ভর বাংলাদেশ গড়ে তুলতে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, "আমাদের উন্নয়ন-অভিযাত্রার অন্যতম লক্ষ্য হলো তরুণদের সম্ভাবনাকে জাতীয় অগ্রগতির চালিকাশক্তিতে পরিণত করা। সে লক্ষ্যে শিক্ষা, দক্ষতা উন্নয়ন, কর্মসংস্থান, স্বাস্থ্যসেবা এবং পরিবার পরিকল্পনাকে সমন্বিত করে সরকার বহুমাত্রিক উদ্যোগ বাস্তবায়ন করছে। এ প্রেক্ষাপটে বিশ্ব জনসংখ্যা দিবস-২০২৬ উপলক্ষ্যে আমি দেশবাসী, বিশেষ করে নবীন প্রজন্মকে দিবসটির চেতনা ধারণ ও বাস্তবায়নে সক্রিয় অংশীদার হওয়ার আহ্বান জানাই। এ বছরের বিশ্ব জনসংখ্যা দিবসের প্রতিপাদ্য 'তারুণ্যের

আশা-আকাঙ্ক্ষা বাস্তবায়ন করি, আজকের প্রত্যয়ে সুন্দর আগামী গড়ি' আমাদের জাতীয় উন্নয়ন দর্শনের সঙ্গে গভীরভাবে সম্পৃক্ত।" প্রধানমন্ত্রী উল্লেখ করেন, বাংলাদেশের ভবিষ্যৎ নির্ভর করছে এমন একটি প্রজন্মের ওপর, যারা হবে শিক্ষিত, দক্ষ, প্রযুক্তিবান্ধব, সুস্থ, মানবিক ও উদ্ভাবনী। তরুণদের স্বপ্ন ও সম্ভাবনার বিকাশে রাষ্ট্রকে এমন একটি পরিবেশ নিশ্চিত করতে হবে, যেখানে তারা মানসম্মত শিক্ষা গ্রহণ করবে, কর্মসংস্থানের সুযোগ পাবে, উন্নত স্বাস্থ্যসেবা লাভ করবে এবং নিজেদের ইচ্ছা, সক্ষমতা ও মূল্যবোধের ভিত্তিতে নিরাপদ, মর্যাদাপূর্ণ ও সুখী পরিবার গড়ে তুলতে পারবে। আজকের তরুণরাই তথ্যপ্রযুক্তিনির্ভর ও জ্ঞানভিত্তিক অর্থনীতির প্রধান শক্তি জানিয়ে তিনি বলেন, সরকার এমন একটি বাংলাদেশ গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ, যেখানে প্রত্যেক তরুণ-তরুণী যুগোপযোগী দক্ষতা অর্জনের মাধ্যমে দেশীয় ও বৈশ্বিক শ্রমবাজারে নিজেদের সক্ষমতার স্বাক্ষর রাখবে এবং জাতীয় উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করবে। "আমরা বিশ্বাস করি, অর্থনৈতিক নিরাপত্তা, সামাজিক স্থিতিশীলতা এবং উন্নত স্বাস্থ্যব্যবস্থা নিশ্চিত হলে তরুণরা আত্মবিশ্বাসের সঙ্গে ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণ করতে পারবে এবং দায়িত্বশীল পরিবার গঠনের মতো গুরুত্বপূর্ণ সিদ্ধান্তেও সচেতন ভূমিকা রাখতে সক্ষম হবে," যোগ করেন প্রধানমন্ত্রী। তারেক রহমান জানান, একটি উন্নত জাতি গঠনের পূর্বশর্ত হলো সুস্থ জনগোষ্ঠী। সেই লক্ষ্য অর্জনে সরকার সবার জন্য সহজলভ্য, মানসম্মত ও জবাবদিহিমূলক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে কাজ করছে। একইসঙ্গে পরিবার পরিকল্পনা কার্যক্রমকে আরও কার্যকর করা, প্রযুক্তিনির্ভর স্বাস্থ্যসেবা সম্প্রসারণ এবং দক্ষ মানবসম্পদ গড়ে তোলার উদ্যোগ অব্যাহত রয়েছে। এ সমন্বিত প্রচেষ্টাই ভবিষ্যতের স্বাস্থ্যব্যবস্থার ভিত্তি সুদৃঢ় করবে। তবে বাল্যবিবাহ, কিশোরী মাতৃত্ব এবং অপুষ্টির মতো চ্যালেঞ্জ এখনো আমাদের তরুণ প্রজন্মের বিকাশ ও অগ্রযাত্রার পথে বড়ো বাধা হয়ে রয়েছে। এসব সমস্যা শুধু একজন কিশোরী বা একটি পরিবারের নয়; এগুলোর দীর্ঘমেয়াদি প্রভাব পড়ে মানবসম্পদ উন্নয়ন, শিক্ষার ধারাবাহিকতা, নারীর ক্ষমতায়ন, মাতৃ ও শিশুর স্বাস্থ্য এবং জাতীয় উৎপাদনশীলতার ওপর। এ কারণে সরকার বাল্যবিবাহ প্রতিরোধ, কিশোর-কিশোরীদের জন্য মানসম্মত যৌন ও প্রজনন স্বাস্থ্যসেবা সম্প্রসারণ, পুষ্টি উন্নয়ন এবং জীবনদক্ষতাভিত্তিক শিক্ষা ও সেবা জোরদারে সমন্বিত কর্মসূচি বাস্তবায়ন করছে, বলেন প্রধানমন্ত্রী। তিনি বাণীতে বলেন, "আমার দৃঢ় বিশ্বাস, প্রত্যেক তরুণ-তরুণী যদি সুস্থ, শিক্ষিত, দক্ষ ও আত্মবিশ্বাসী হয়ে বেড়ে ওঠার সমান সুযোগ পায়, তবে তারাই আগামী দিনের সম্ভাবনাময়, সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ বিনির্মাণের প্রধান চালিকাশক্তিতে পরিণত হবে। বিশ্ব জনসংখ্যা দিবস-২০২৬ উপলক্ষ্যে আসুন, আমরা সবাই মিলে এমন একটি বাংলাদেশ গড়ে তুলি, যেখানে প্রত্যেক তরুণের আশা, আকাঙ্ক্ষা ও সম্ভাবনা বাস্তবে বিকশিত হবে এবং একটি নিরাপদ, সমৃদ্ধ ও মানবিক ভবিষ্যৎ নির্মাণে তারা অগ্রণী ভূমিকা পালন করবে। আমি বিশ্ব জনসংখ্যা দিবস-২০২৬ উপলক্ষ্যে আয়োজিত সব কর্মসূচির সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছি।"

(জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৭.২০২৬ রুবাইয়া)

## প্রাথমিক বৃত্তির ফল ফাঁস, অভিযুক্ত কর্মকর্তা বরখাস্ত

প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফল প্রকাশের আগেই ফাঁস হওয়ার ঘটনায় মেহতাব কায়েস নামের এক কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। তিনি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার। শুক্রবার (১০ জুলাই) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব সাখাওয়াৎ হোসেনের সই করা প্রজ্ঞাপনে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। রাষ্ট্রপতির আদেশক্রমে জারি করা ওই প্রজ্ঞাপনে বলা হয়েছে, 'প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫-এর ফলাফল যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশের পূর্বে ওয়েব পোর্টালে আপলোড করার ক্ষেত্রে যথাযথ নিরাপত্তা প্রটোকল অনুসরণ না করে ফলাফল ওয়েব পোর্টালে আপলোড করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর অনুচ্ছেদ ১২(১) অনুযায়ী অসদাচরণের অভিযোগে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার মো. মেহতাব কায়েসকে সাময়িক বরখাস্ত করা হলো।' প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফল ওয়েব পোর্টালে আপলোডের তারিখ অর্থাৎ ৯ জুলাই ২০২৬ তারিখ থেকে তাকে সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## সাজেক থেকে ফিরেছেন আটকে পড়া সব পর্যটক, বন্ধ রয়েছে ভ্রমণ

রাঙামাটির সাজেক ভ্যালি পর্যটন কেন্দ্রে বুধবার (৮ জুলাই) থেকে আটকে পড়া সব পর্যটকরা সাজেক ছেড়েছে। তবে ঝুঁকি বিবেচনায় পর্যটকদের সাজেক ভ্রমণ সাময়িক বন্ধ রয়েছে। শুক্রবার (১০ জুলাই) সকাল ৯টার দিকে সেনাবাহিনীর নিরাপত্তা বহরে করে পর্যটকরা সাজেক ত্যাগ করেছে বলে নিশ্চিত করেছে সাজেক রিসোর্ট কটেজ মালিক সমিতি। সাজেক রিসোর্ট কটেজ মালিক সমিতির সভাপতি সুর্পণ দেব বর্মণ বলেন, পানিতে তলিয়ে যাওয়া সড়ক থেকে পানি নেমে যাওয়ায় আটকে পড়া সব পর্যটকরা শুক্রবার সকালে সাজেক থেকে ফিরে গেছেন। ৬০০ পর্যটকের মধ্যে বৃহস্পতিবার (৯ জুলাই) ১৫০ জন চলে যাওয়ার পর বাকিরা আজকে চলে গেছেন। বর্তমানে সাজেকে আর কোনো পর্যটক নেই। পর্যটকদের ঝুঁকি বিবেচনায় মঙ্গলবার (৭ জুলাই) সন্ধ্যা থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সাজেক পর্যটন কেন্দ্র সাময়িক বন্ধ ঘোষণা করে জেলা প্রশাসন। তবে গত সোমবার ও মঙ্গলবার সকালে যে-সব পর্যটক সাজেক ভ্রমণে যায়, তারাই আটকে পড়েন। টানা বর্ষণে সাজেক সড়কের দুইটি অংশে পাহাড়ি ঢলের পানিতে তলিয়ে যাওয়ার ফলে সাজেকে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## কুয়াকাটায় পর্যটক খরা, বাতিল হচ্ছে হোটেল বুকিং

টানা বৃষ্টি, ঝড়ো হাওয়া ও উত্তাল সমুদ্রের কারণে দেশের অন্যতম পর্যটন কেন্দ্র কুয়াকাটায় দেখা দিয়েছে পর্যটক খরা। বৈরী আবহাওয়ার প্রভাবে সাপ্তাহিক ছুটিকে ঘিরে পর্যটকের যে ঢল নামার কথা ছিল, তা দেখা যায়নি। এদিকে অনেক পর্যটক আগাম বুকিং বাতিল করায় বিপাকে পড়েছেন আবাসিক হোটেল-মোটেল মালিক, রেস্তোরাঁ ব্যবসায়ী, ট্যুর অপারেটর, ট্যুর গাইড, অটোরিকশা চালক ও সৈকতসংলগ্ন ক্ষুদ্র ব্যবসায়ীরা। গত কয়েকদিন ধরে কুয়াকাটার আকাশ মেঘাচ্ছন্ন। থেমে থেমে বৃষ্টির সঙ্গে বইছে দমকা হাওয়া। উত্তাল সমুদ্রের কারণে সৈকতে পর্যটকদের উপস্থিতি ছিল একেবারেই কম। যারা কুয়াকাটায় এসেছেন, তারাও অধিকাংশ সময় আবাসিক হোটেলের কক্ষেই অবস্থান করেছেন। ফলে সৈকত জুড়ে ছিল নির্জন পরিবেশ। সাপ্তাহিক ছুটির দিনে যেখানে সৈকতে হাজারও পর্যটকের পদচারণায় মুখর থাকে, সেখানে শুক্রবারও ছিল অনেকটাই ফাঁকা। হোটেল সি প্যালেসের পরিচালক মো. রুবেল হোসেন বলেন, হোটেল সমুদ্র সৈকতের জিরো পয়েন্টে হওয়ায় সাপ্তাহিক ছুটিতে সাধারণত শতভাগ অগ্রিম বুকিং থাকে। কিন্তু আজ তিনটি কক্ষের বুকিং বাতিল হয়েছে। খুলনা থেকে নিয়মিত আসা একদল পর্যটক সকালে ফোন করে বুকিং বাতিল করেছেন। একইভাবে মাদারীপুর থেকে আসার কথা একটি গ্রুপও দুটি কক্ষের বুকিং বাতিল করেছে। আবহাওয়া স্বাভাবিক না হলে আরও বুকিং বাতিল হওয়ার আশঙ্কা রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## সঞ্চয়পত্রে উৎসে কর বেশি কাটলে ফেরত পাবেন গ্রাহক, রিটার্নেও মিলবে করছাড়

আয়কর আইনে সঞ্চয়পত্রের মুনাফার টাকার ওপর ১০ শতাংশ অগ্রিম কর কেটে রাখার বিধান রয়েছে। এবার ২০২৬-২৭ নতুন অর্থবছরের জাতীয় বাজেটে বলা হয়েছে, সঞ্চয়পত্রের মুনাফায় যে উৎসে কর কেটে রাখা হয়, তা চূড়ান্ত কর দায় নয়। বছর শেষে তা সমন্বয় করা যাবে। যদি ওই করদাতার প্রযোজ্য করের চেয়ে বেশি কর কেটে রাখা হয়, তাহলে তা ফেরত বা রিফান্ড পাওয়া যাবে। পাশাপাশি নতুন করবর্ষ ১ জুলাই থেকে ৩০ সেপ্টেম্বরের মধ্যে আয়কর রিটার্ন দাখিল করলে করের ওপর ৫ শতাংশ পর্যন্ত ছাড় দেওয়ার প্রস্তাব করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) বলছে, কর ফেরতের পুরো প্রক্রিয়া হবে অনলাইনে এবং আবেদন যাচাই শেষে ১২০ দিনের মধ্যে করদাতার ব্যাংক হিসাবে অর্থ পাঠানো হবে। অর্থ আইন অনুযায়ী, সঞ্চয়পত্রের মুনাফার ওপর উৎসে কাটা করকে আর চূড়ান্ত কর (ফাইনাল ট্যাক্স) হিসেবে গণ্য করা হবে না। এটি এখন থেকে অগ্রিম কর (অ্যাডভান্স ট্যাক্স) হিসেবে বিবেচিত হবে। ফলে সঞ্চয়পত্র থেকে পাওয়া মুনাফা করদাতার মোট করযোগ্য আয়ের সঙ্গে যুক্ত হবে এবং আয়কর স্ল্যাব অনুযায়ী চূড়ান্ত কর নির্ধারণ করা হবে। এ পরিবর্তনের ফলে যাদের মোট আয় করমুক্ত সীমার মধ্যে থাকবে বা যাদের কার্যকর করহার ১০ শতাংশের কম হবে, তারা উৎসে কাটা অতিরিক্ত কর সমন্বয় কিংবা ফেরত পাওয়ার সুযোগ পাবেন। অন্যদিকে, যাদের করহার ১০ শতাংশের বেশি, তাদের ক্ষেত্রে উৎসে কাটা কর অগ্রিম হিসেবে সমন্বয় হবে এবং বাকি কর রিটার্নের সময় পরিশোধ করতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## পাহাড়ি ঢলে সুনামগঞ্জে বাড়ছে নদ-নদীর পানি, বন্যার শঙ্কা

টানা বৃষ্টি ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে সুনামগঞ্জের নদ-নদীর পানি ক্রমেই বাড়ছে। এ পরিস্থিতি অব্যাহত থাকলে জেলায় স্বল্পমেয়াদি বন্যার আশঙ্কা করছে পানি উন্নয়ন বোর্ড (পাউবো)। শুক্রবার (১০ জুলাই) সকালে সুরমা নদীর পানি আরও ১০ সেন্টিমিটার বৃদ্ধি পেয়ে বিপৎসীমার ৫০ সেন্টিমিটার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। পাশাপাশি বাড়ছে জেলার সীমান্তবর্তী নদী যাদুকাটা, বৌলাই, রক্তি ও পাটলাই নদীর পানি। পানি উন্নয়ন বোর্ডের তথ্য অনুযায়ী, ভারতের মেঘালয়ের চেরাপুঞ্জিতে টানা বৃষ্টিপাত অব্যাহত থাকায় প্রতিনিয়ত বাড়ছে জেলার সব কয়টি নদ-নদীর পানি। এতে জেলায় স্বল্পমেয়াদি একটি বন্যার আশঙ্কা রয়েছে। সেই সঙ্গে গত ২৪ ঘণ্টায় জেলার সুরমা নদীর পানি ১০ সেন্টিমিটার বৃদ্ধি পেয়ে বিপৎসীমার ৫০ সেন্টিমিটার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। পাশাপাশি জেলায় গত ২৪ ঘণ্টায় বৃষ্টি হয়েছে ৭০ মি.লি মিটার। এদিকে, দুর্যোগ মোকাবিলায় ইতোমধ্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে প্রতিটি উপজেলায় আশ্রয়কেন্দ্র প্রস্তুতি, স্বেচ্ছাসেবক টিম গঠন, মেডিকেল টিম গঠন, পানি বিশুদ্ধকরণ, ট্যাবলেট সংরক্ষণ, নৌযান প্রস্তুত রাখাসহ সকল দপ্তর সতর্ক অবস্থায় রয়েছে। সেই সঙ্গে দুর্যোগ বিষয়ে তথ্য ও যোগাযোগের জন্য কন্ট্রোলরুম খোলা হয়েছে। তবে পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী-২ এমদাদুল হক বলেন, ভারতের চেরাপুঞ্জিতে বৃষ্টিপাত কমে গেলে জেলার নদ-নদীর পানিও কমতে শুরু করবে। জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার মেহেদী হাসান হৃদয় বলেন, পাহাড়ি ঢল বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে। এ দুর্যোগ মোকাবিলায় জেলা প্রশাসনের পক্ষ থেকে ইতোমধ্যে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## নরসিংদীতে বাক্‌প্রতিবন্ধী ববি বেগমের মৃত্যুর ঘটনায় গ্রেফতার ৬

নরসিংদীর রায়পুরার মেথিকান্দা রেলস্টেশনে হামলা ও লুটের শিকার হয়ে মারা যাওয়া বাক্‌প্রতিবন্ধী পরিচ্ছন্নতাকর্মী ববি বেগমের (৭০) মৃত্যুর ঘটনায় জড়িত থাকার অভিযোগে ছয়জনকে গ্রেফতার করেছে র‍্যাব-১১। প্রাথমিকভাবে গ্রেফতারদের নাম-পরিচয় জানায়নি র‍্যাব। শুক্রবার (১০ জুলাই) দুপুরে র‍্যাব-১১-এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ মাসুদ পারভেজ গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, ববি বেগমের ওপর হামলা ও লুটের ঘটনায় জড়িত ছয়জনকে গ্রেফতার করা হয়েছে। এ বিষয়ে শুক্রবার বিকেলে রাজধানীর কারওয়ান বাজারে র‍্যাব মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলন করে বিস্তারিত জানানো হবে। গত ৪ জুলাই গভীর রাতে মেথিকান্দা রেলস্টেশনের একটি পরিত্যক্ত কক্ষে ঢুকে দুর্বৃত্তরা ববি বেগমের ওপর হামলা চালায়। এ সময় তাকে মারধর করে তার দীর্ঘদিনের

সঞ্চিত প্রায় ৪০ হাজার টাকা লুট করে নিয়ে যায় বলে অভিযোগ রয়েছে। পরে স্টেশনের কর্মীরা তাকে উদ্ধার করে রায়পুরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। প্রাথমিক চিকিৎসা শেষে তাকে আবার স্টেশনে ফিরিয়ে আনা হয়। এরপর ৭ জুলাই রাতে তার শারীরিক অবস্থার অবনতি হলে প্রথমে রায়পুরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখান থেকে উন্নত চিকিৎসার জন্য নরসিংদী সদর হাসপাতালে পাঠানো হলেও হাসপাতালে পৌঁছানোর আগেই অ্যাম্বুলেন্সে তার মৃত্যু হয়। স্থানীয়দের ভাষ্য, প্রায় দুই যুগ আগে একটি ট্রেন থেকে মেথিকান্দা রেলস্টেশনে নেমে সেখানেই স্থায়ীভাবে বসবাস শুরু করেন বাক্‌প্রতিবন্ধী ববি বেগম। দীর্ঘদিন ধরে তিনি বিনা বেতনে প্ল্যাটফর্ম ও শৌচাগার পরিষ্কারসহ বিভিন্ন পরিচ্ছন্নতার কাজ করতেন। মানবিক কারণে স্টেশন কর্তৃপক্ষ তাকে একটি পরিত্যক্ত কক্ষে থাকার ব্যবস্থা করে দেয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## সব সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত বহাল

উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উপকূলীয় এলাকার ওপর দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার আশঙ্কায় দেশের সব সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। শুক্রবার (১০ জুলাই) সংস্থাটির সর্বশেষ আবহাওয়া পরিস্থিতির বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, উত্তর-পশ্চিম মধ্যপ্রদেশ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি দুর্বল হয়ে বর্তমানে লঘুচাপ আকারে মধ্য উত্তরপ্রদেশ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। এটি ক্রমান্বয়ে দুর্বল হতে পারে। উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। সমুদ্রবন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকার ওপর দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## ভুয়া সনদ প্রমাণ হওয়ায় দুই শিক্ষকের এমপিও বাতিল

পিরোজপুরের জিয়ানগর উপজেলার বাটাজোড় আলিম মাদরাসার সুপারসহ দুই শিক্ষকের এমপিও বাতিল করেছে মাদরাসা শিক্ষা অধিদপ্তর। একইসঙ্গে তাদের ইনডেক্স নম্বর কর্তন এবং প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (০৯ জুলাই) বিষয়টি নিশ্চিত করেছেন বাটাজোড় আলিম মাদরাসার অধ্যক্ষ নাজমুস সাকিব। মাদরাসা শিক্ষা অধিদপ্তরের অর্থ শাখা থেকে ৩০ জুন ২০২৬ তারিখে জারি করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। অভিযুক্ত দুই শিক্ষক হলেন- প্রতিষ্ঠানের এবতেদায়ী প্রধান শিক্ষক মো. আব্দুর রহমান এবং এবতেদায়ী শিক্ষক মো. মাসুম বিল্লাহ। বিজ্ঞপ্তিতে বলা হয়, জাতীয় শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) সরবরাহকৃত তথ্য অনুযায়ী সংশ্লিষ্ট দুই শিক্ষকের নিবন্ধন সনদ ও সুপারিশপত্র জাল ও ভুয়া প্রমাণিত হয়েছে। এর পরিপ্রেক্ষিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদরাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ অনুযায়ী গঠিত এমপিও বাছাই ও অনুমোদন কমিটির সিদ্ধান্তের ভিত্তিতে তাদের এমপিও বাতিল এবং ইনডেক্স নম্বর কর্তন করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## ভারী বর্ষণে বিপর্যস্ত চাঁদপুর, পানিবন্দি নিচু এলাকা

গত কয়েকদিনের টানা বর্ষণে চাঁদপুরে ব্যাপক জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে, ফলে জেলার স্বাভাবিক জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। শহরের নিচু এলাকায় বসতবাড়িতে পানি ঢুকে পড়ায় অনেক পরিবার পানিবন্দি হয়ে পড়েছে। শুক্রবার (১০ জুলাই) সকাল পর্যন্ত ২৪ ঘণ্টায় জেলাটিতে ১০১ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করেছে স্থানীয় আবহাওয়া অফিস। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, ড্রেনেজ ব্যবস্থা অপর্যাপ্ত ও অকার্যকর হওয়ায় প্রতি বর্ষায় তাদের এই চরম ভোগান্তি পোহাতে হচ্ছে। শুক্রবার সকালে চাঁদপুর শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও আবাসিক এলাকায় বৃষ্টির পানি জমে থাকতে দেখা যায়। শহরের বিষ্ণুদী মাদ্রাসা রোড, মিশন রোড-ওয়ারলেস সড়ক, নাজিরপাড়া, ব্যাংক কলোনি, রহমতপুর কলোনিসহ বিভিন্ন এলাকায় হাঁটুপানি থেকে শুরু করে কোথাও কোথাও তারও কাছাকাছি উচ্চতার পানি জমে যায়। এতে পথচারীদের চলাচল কষ্টসাধ্য হয়ে পড়ে এবং অনেক যানবাহন ধীরগতিতে চলাচল করতে বাধ্য হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## যাত্রাবাড়ী থানা পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার ২৯

ঢাকার যাত্রাবাড়ী থানাধীন এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ২৯ জনকে গ্রেফতার করেছে পুলিশ। শুক্রবার (১০ জুলাই) ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। গ্রেফতারদের মধ্যে দু-জন পরোয়ানা মূলে, ২২ জন মোবাইল কোর্ট মোতাবেক এবং পাঁচজনকে পুরোনো মামলায় গ্রেফতার করা হয়। গ্রেফতারদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন বলে জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## রাজধানীতে ডিএমপির অভিযান, ২৪ ঘণ্টায় গ্রেফতার ৪২৫

রাজধানীর বিভিন্ন অপরাধ প্রবণ এলাকায় অভিযান চালিয়ে গত ২৪ ঘণ্টায় ৪২৫ জনকে গ্রেফতার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। একই সময়ে ৫৭টি মামলা দায়ের করা হয়েছে। শুক্রবার (১০ জুলাই) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ

মেহেদী এ তথ্য জানান। নিয়াজ মেহেদী বলেন, রাজধানীর বিভিন্ন থানা এলাকায় অভিযান পরিচালনা করে দেশীয় অস্ত্র ও মাদকদ্রব্য উদ্ধারসহ ৪২৫ জনকে গ্রেফতার করেছে ডিএমপি। তিনি জানান, গ্রেফতারকৃতদের মধ্যে রমনা বিভাগ ৩৯ জন, লালবাগ বিভাগ ২৪ জন, ওয়ারী বিভাগ ৬১ জন, মতিঝিল বিভাগ ৫৭ জন, তেজগাঁও বিভাগ ৫৬ জন, মিরপুর বিভাগ ৮৮ জন, গুলশান বিভাগ ৫৫ জন, উত্তরা বিভাগ ৪৩ জন ও গোয়েন্দা বিভাগ ২ জনকে গ্রেফতার করে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

**চট্টগ্রামে গ্রেফতার ছিনতাইকারীর কাছে মিললো ১১ স্মার্টফোন**

চট্টগ্রামে গ্রেফতার ছিনতাইকারীর কাছে মিললো ১১টি স্মার্টফোন। গতকাল বৃহস্পতিবার বিকেলে সাইফুল ইসলাম ওরফে বাদশা (৩৬) নামের ওই ছিনতাইকারীকে চট্টগ্রামের পটিয়া থেকে গ্রেফতার করে নগরীর কোতোয়ালী থানা পুলিশ। এসময় তার কাছ থেকে ছিনতাইয়ে ব্যবহৃত একটি ছুরি উদ্ধার করা হয়। শুক্রবার (১০ জুলাই) তাকে আদালতে পাঠানো হয়েছে বলে জানিয়েছেন কোতোয়ালী থানার ওসি আবু জায়েদ মোহাম্মদ নাজমুন নূর। গ্রেফতার সাইফুল ইসলাম বাদশা পটিয়ার কোলাগাঁও ইউনিয়নের চার নম্বর ওয়ার্ড এম্পুমিয়ার বাড়ির শামছুল আলমের ছেলে। পুলিশ জানিয়েছে, গত ৬ জুলাই সকালে কোতোয়ালী এলাকায় যাত্রীবেশে একটি বাসে উঠে ছুরি দেখিয়ে এক যাত্রীর মোবাইল ফোন ছিনিয়ে নেয় একটি চক্র। এ ঘটনায় ভুক্তভোগীর করা মামলার তদন্তে তথ্যপ্রযুক্তির সহায়তায় জড়িতদের শনাক্ত করে কোতোয়ালী থানা পুলিশ। কোতোয়ালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু জায়েদ মোহাম্মদ নাজমুন নূর জানান, বাসে উঠে যাত্রীর ফোন ছিনতাই চক্রের মূলহোতা সাইফুল ইসলামকে বৃহস্পতিবার বিকেলে পটিয়া থেকে গ্রেফতার করা হয়। এসময় তার কাছ থেকে ছিনতাই হওয়া ভুক্তভোগীর মোবাইল ফোনসহ মোট ১১টি স্মার্টফোন এবং ছিনতাইয়ে ব্যবহৃত একটি ছুরির উদ্ধার করা হয়। সাইফুলের বিরুদ্ধে অস্ত্র, মাদক, চুরি, ছিনতাই ও ডাকাতির প্রস্তুতিসহ বিভিন্ন অভিযোগে ১৫টি মামলা রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

**তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়ন না হলে বন্যা পরিস্থিতি খারাপ হতে পারে : ডা. শফিকুর রহমান**

তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়ন না হলে দেশের বন্যা পরিস্থিতি আরও খারাপ হতে পারে বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। বন্যা পরিস্থিতি ও ক্ষতিগ্রস্ত মানুষের দুর্দশা সরেজমিনে দেখতে চট্টগ্রাম সফরে গিয়ে তিনি এ মন্তব্য করেন। শুক্রবার (১০ জুলাই) সকাল সাড়ে ৮টায় চট্টগ্রামের শাহ্ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছে তিনি এ বিষয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন। ডা. শফিকুর রহমান বলেন, জাতীয় সংসদে বৃহস্পতিবার চট্টগ্রামের বন্যা পরিস্থিতি নিয়ে আলোচনা হয়েছে। বিরোধী দল বিষয়টি উত্থাপন করেছে এবং সরকারের পক্ষ থেকেও ৩০০ বিধিতে বিবৃতি দেওয়া হয়েছে। বন্যাদুর্গত মানুষের দুর্ভোগ কাছ থেকে দেখা, তাদের পাশে দাঁড়ানো এবং সরকারের করণীয় বিষয়ে দাবি জানাতেই এ সফর। সাম্প্রতিক বন্যা, পাহাড়ধস ও বিভিন্ন দুর্ঘটনায় প্রাণহানির ঘটনায় গভীর শোক প্রকাশ করে তিনি নিহতদের আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

**পাহাড়ধসে প্রাণহানিতে শোক, সরকারের দীর্ঘমেয়াদি পদক্ষেপ চায় এনসিপি**

বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের প্রভাবে চট্টগ্রাম অঞ্চলে টানা চারদিনের রেকর্ড বৃষ্টিপাতে সৃষ্ট বন্যা, ভয়াবহ পাহাড়ধস ও জলাবদ্ধতায় শিশুসহ ৩০ জনের মর্মান্তিক মৃত্যুর ঘটনায় গভীর শোক ও উদ্বেগ প্রকাশ করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। শুক্রবার (১০ জুলাই) দলের দপ্তর সেলের সদস্য সাদিয়া ফারজানা দিনার সই করা এক বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, একদিনেই সাত শিশুর অকাল মৃত্যু অত্যন্ত বেদনাদায়ক এবং এ অনাকাঙ্ক্ষিত প্রাণহানি কোনোভাবেই মেনে নেওয়া যায় না। নিহতদের আত্মার মাগফেরাত ও শান্তি কামনার পাশাপাশি শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছে দলটি। এনসিপি জানায়, টানা ভারী বর্ষণের ফলে চট্টগ্রাম মহানগরীর অধিকাংশ এলাকা টানা দ্বিতীয় দিনের মতো হাঁটু থেকে কোমর সমান পানিতে তলিয়ে গেছে। জলাবদ্ধতায় নগরবাসীর জনজীবন স্থবির হয়ে পড়েছে। এমনকি রেললাইনের ওপর পানি জমে থাকায় পর্যটন নগরী কক্সবাজারের সঙ্গে ট্রেন চলাচলও বন্ধ হয়ে গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

**বন্যার কারণে ৫ জেলায় শনিবারের এইচএসসি-আলিম-কারিগরি পরীক্ষা স্থগিত**

বন্যা পরিস্থিতির অবনতি ঘটায় দেশের পাঁচটি জেলার শনিবারের (১১ জুলাই) এইচএসসি, আলিম, এইচএসসি (বিএমটি) ও সমমান পরীক্ষা স্থগিত করা হয়েছে। জেলাগুলো হলো- চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান ও রাঙ্গামাটি। শুক্রবার (১০ জুলাই) বিকেলে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি এ তথ্য জানিয়েছে। পাশাপাশি চট্টগ্রাম বোর্ড এবং মাদরাসা ও কারিগরি বোর্ডও পৃথক বিজ্ঞপ্তি দিয়ে পরীক্ষা স্থগিতের ঘোষণা দিয়েছে। সময়সূচি অনুযায়ী, শনিবার চট্টগ্রাম বোর্ডের অধীন এইচএসসিতে তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিষয়ের পরীক্ষা হওয়ার কথা ছিল। আর মাদরাসা বোর্ডের অধীন আলিমে ইংরেজি দ্বিতীয়পত্র পরীক্ষা ছিল। এছাড়া কারিগরি বোর্ডের অধীনে হিসাববিজ্ঞান নীতি ও প্রয়োগ-২ বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। চট্টগ্রাম বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক ড. পারভেজ সাজ্জাদের সই করা বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আবহাওয়ার মারাত্মক অবনতি ও বন্যা পরিস্থিতি খারাপ হওয়ায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সব জেলার আগামীকাল শনিবারের (১১ জুলাই) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের (বিষয়

কোড-২৭৫) পরীক্ষাটি স্থগিত করা হলো। এতে আরও বলা হয়, বিদ্যুৎ না থাকায় সব কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের মাইকিং করে এলাকায় বিষয়টি জানিয়ে দেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হয়েছে। স্থগিত হওয়া পরীক্ষার পরিবর্তিত সময়সূচি পরে জানিয়ে দেওয়া হবে। অন্যদিকে দেশের ১১টি শিক্ষা বোর্ডের মোর্চা বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামানের সই করা জরুরি বিজ্ঞপ্তিতে চট্টগ্রামসহ পাঁচ জেলার এইচএসসির সঙ্গে আলিম, কারিগরির এইচএসসিসহ (বিএমটি) সব সমমান পরীক্ষা স্থগিতের কথা জানানো হয়। পৃথক ওই বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বন্যা পরিস্থিতি বিবেচনায় চট্টগ্রাম বোর্ডের অধীন সব জেলা প্রশাসকের (ডিসি) প্রতিবেদন এবং চট্টগ্রাম বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের পরীক্ষা স্থগিতের অনুরোধের প্রেক্ষিতে চট্টগ্রাম বোর্ড (সব জেলা) ও চট্টগ্রাম বোর্ডের আওতাধীন মাদরাসা ও কারিগরি বোর্ডের শনিবারের এইচএসসি, আলিম, এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা স্থগিত করা হলো। তবে এদিন দেশের অন্য ৮টি শিক্ষা বোর্ড এবং মাদরাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের (চট্টগ্রাম বোর্ডের অধীন জেলা ছাড়া) অন্যান্য জেলার এইচএসসি, আলিম ও এইচএসসিসহ (বিএমটি) সমমানের সব পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির ভর্তি পরীক্ষা শনিবার, আসনপ্রতি লড়বেন ৫ জন

রাজধানীর সরকারি সাত কলেজ নিয়ে গঠিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির ২০২৫-২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে শনিবার (১১ জুলাই)। এদিন কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা নেওয়া হবে। বিকেল ৩টা থেকে পরীক্ষা শুরু হয়ে চলবে ৪টা পর্যন্ত। রাজধানীর সরকারি সাতটি কলেজ কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে মোট আসন ৪ হাজার ৪৯৮টি। ইউনিটটিতে ভর্তি পরীক্ষা দিতে আবেদন করেছেন ২৩ হাজার ৩৬৫ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী। সেই হিসাবে আসনপ্রতি লড়বেন পাঁচজন। ভর্তি পরীক্ষার্থীদের অবশ্যই পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার হলে উপস্থিত হয়ে নির্দিষ্ট আসন গ্রহণ করতে হবে। ভর্তি পরীক্ষা বিশ্ববিদ্যালয়ের সংযুক্ত সাতটি কলেজের কেন্দ্রে অনুষ্ঠিত হবে। পরীক্ষা হবে এমসিকিউ পদ্ধতিতে। পরীক্ষায় উত্তীর্ণ হতে ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে। পছন্দের বিষয়ে ভর্তি হতে হলে ওই নির্ধারিত বিষয়ে অন্তত ৫ নম্বর পেতে হবে। ভর্তি পরীক্ষা ও ভর্তি সংক্রান্ত যে-কোনো তথ্য ভর্তিচ্ছুরা ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির ওয়েবসাইট (www.dcu.ac.bd) থেকে জানতে পারবেন। আগামী ১৭ জুলাই ব্যবসায় শিক্ষা ইউনিট ও বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিন দুই শিফটে দুটি ইউনিটের পরীক্ষা নেওয়া হবে। সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে বিজ্ঞান ইউনিটের পরীক্ষা। আর বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত ব্যবসায় শিক্ষা ইউনিটের পরীক্ষা হবে। বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা ইউনিটের আসন বিন্যাস ১৪ জুলাই থেকে ওয়েবসাইটে পাওয়া যাবে। বিজ্ঞান ইউনিটে মোট আবেদন জমা পড়েছে ৩১ হাজার ৫৫৩টি। ব্যবসায় শিক্ষায় আবেদন করেছেন ১১ হাজার ২৪৪ জন। এ দুটি ইউনিটে আসনসংখ্যা যথাক্রমে- বিজ্ঞানে ৪ হাজার ৭৯৫টি এবং ব্যবসায় শিক্ষায় ১ হাজার ৯৯৭টি। আর তিনটি ইউনিট মিলিয়ে ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটিতে স্নাতক শ্রেণিতে প্রথম বর্ষে আসনসংখ্যা ১১ হাজার ২৯০টি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## পানিবন্দি সাড়ে ৪ লাখ মানুষ, খাদ্য ও বিশুদ্ধ পানির তীব্র সংকট

ভারী বর্ষণ, পাহাড়ি ঢল ও উজান থেকে নেমে আসা পানিতে দক্ষিণ চট্টগ্রামের বিস্তীর্ণ এলাকা ভয়াবহ বন্যার কবলে পড়েছে। জেলার অন্তত সাড়ে চার লাখ মানুষ এখন পানিবন্দি। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত সাতকানিয়া উপজেলার মানুষ। লোহাগাড়া, বাঁশখালী, চন্দনাইশ, বোয়ালখালীর বিভিন্ন এলাকাও প্লাবিত। অনেক স্থানে কোমর থেকে গলা সমান পানি জমে থাকায় স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে। বন্যাদুর্গত এলাকায় খাদ্য ও বিশুদ্ধ পানির সংকট প্রকট আকার ধারণ করছে। জেলা প্রশাসনের তথ্যমতে, বন্যা ও পাহাড়ধসের ঘটনায় এ পর্যন্ত পাঁচজনের মৃত্যু হয়েছে। দুর্গত মানুষের জন্য জেলার বিভিন্ন স্থানে ৬২৯টি আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে। উদ্ধার তৎপরতা, ত্রাণ বিতরণ ও চিকিৎসাসেবা অব্যাহত থাকলেও পানিবন্দি মানুষের সংখ্যা বাড়তে থাকায় পরিস্থিতি ক্রমেই জটিল আকার ধারণ করছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## সব প্রস্তুতি শেষ, শিগ্গিরই উদ্বোধন হবে জুলাই স্মৃতি জাদুঘর

সংস্কৃতিবিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট নিতাই রায় চৌধুরী বলেছেন, জুলাই স্মৃতি জাদুঘর চালুর জন্য সব ধরনের প্রস্তুতি সম্পন্ন হয়েছে। নতুন পরিচালনা কমিটিও গঠন করা হয়েছে। আনুষ্ঠানিক সংবাদ সম্মেলনের মাধ্যমে খুব শিগ্গিরই জাদুঘরের উদ্বোধনের তারিখসহ বিস্তারিত জানানো হবে। শুক্রবার (১০ জুলাই) সকালে কুমিল্লার ময়নামতি জাদুঘর ও শালবন বিহার পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। মন্ত্রী জানান, অন্তর্বর্তী সরকারের সময় জুলাই স্মৃতি জাদুঘরের কার্যক্রম প্রত্যাশিতভাবে এগোয়নি। বর্তমানে নতুন কমিটি গঠনের মাধ্যমে জাদুঘরের কার্যক্রম পুনর্গঠন করা হয়েছে। এ বিষয়ে সংসদেও সিদ্ধান্ত হয়েছে এবং দ্রুত সময়ের মধ্যে জাদুঘরটি জনসাধারণের জন্য উন্মুক্ত করা হবে। তিনি বলেন, দেশের সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ ও হারিয়ে যাওয়া ঐতিহাসিক নিদর্শন পুনরুদ্ধারে বর্তমান সরকার গুরুত্বের সঙ্গে কাজ করছে। প্রত্নসম্পদ সংরক্ষণ, জাদুঘরের আধুনিকায়ন এবং সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলোকে আরও কার্যকর করার উদ্যোগ অব্যাহত রয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

**'মব সংস্কৃতি' রোধে কঠোর অবস্থানের আহ্বান পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশনের**

বরিশালের আগৈলঝাড়া থানায় হামলা, ভাঙচুর ও দায়িত্বরত পুলিশ সদস্যদের আহত করার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশন। সেই সঙ্গে সংগঠনটি মব সংস্কৃতি রোধে কঠোর অবস্থান নেওয়ার আহ্বান জানিয়েছে। শুক্রবার (১০ জুলাই) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে সংগঠনের সাধারণ সম্পাদক ও ঢাকা জেলার পুলিশ সুপার শামীমা পারভীন বলেন, গুজবকে কেন্দ্র করে সংঘটিত এ ধরনের হামলা শুধু আইন-শৃঙ্খলা পরিস্থিতির জন্যই হুমকি নয় বরং রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, বিচার প্রক্রিয়া ও জননিরাপত্তার উপরও গুরুতর আঘাত। বিবৃতিতে বলা হয়, গত ৮ জুলাই সন্ধ্যায় আগৈলঝাড়া থানার পুলিশ বাকাল ইউনিয়নের ফুল্লশ্রী গ্রামের বাসিন্দা রিয়াজ ফকির (২৬) নামের চুরি মামলার এক আসামিকে গ্রেফতার করে থানায় নিয়ে আসে। তার বিরুদ্ধে একটি মাদক-সংক্রান্ত মামলাও রয়েছে বলে দাবি করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

**ঢাকার দুই থানায় পুলিশের অভিযানে গ্রেফতার ২৪**

রাজধানীর শের-ই-বাংলা নগর ও মুগদা থানা এলাকায় বিশেষ অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত ২৪ জনকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতারদের মধ্যে নিয়মিত ও পরোয়ানাভুক্ত মামলার আসামি রয়েছেন। শুক্রবার (১০ জুলাই) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। শের-ই-বাংলা নগর থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, গতকাল বৃহস্পতিবার রাজধানীর শের-ই-বাংলা নগর থানা পুলিশ ওই থানার বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় বিশেষ অভিযান চালায়। এসময় বিভিন্ন অপরাধে জড়িত সাতজনকে গ্রেফতার করা হয়।

(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

**চট্টগ্রাম অঞ্চলের দুর্যোগ মোকাবিলায় প্রধানমন্ত্রীর ১০ উদ্যোগ**

টানা ভারী বৃষ্টি ও পাহাড়ি ঢলের কারণে চট্টগ্রাম অঞ্চলে সৃষ্ট দুর্যোগ মোকাবিলায় প্রধানমন্ত্রী ১০ উদ্যোগ নিয়েছেন বলে জানিয়েছেন তার উপদেষ্টা ও কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন। তিনি বলেন, আকস্মিক প্রাকৃতিক দুর্যোগের কারণে চট্টগ্রাম অঞ্চলে উদ্বেগজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। কয়েকদিন ধরে চলা ভারী বর্ষণের ফলে সৃষ্ট বন্যায় দুর্ভোগে পড়েছেন এই অঞ্চলের মানুষ, ক্ষতিগ্রস্ত হয়েছে অজস্র পরিবার। সংকটময় এই সময়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে এবং দুর্গত মানুষের পাশে দাঁড়াতে প্রধানমন্ত্রী অত্যন্ত দ্রুততার সঙ্গে মানবিক ও কার্যকর বিভিন্ন পদক্ষেপ নিয়েছেন। শুক্রবার (১০ জুলাই) সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক পোস্টে মাহদী আমিন এসব কথা বলেন। প্রধানমন্ত্রীর উপদেষ্টা বলেন, প্রধানমন্ত্রীর সরাসরি নির্দেশনায় দুর্যোগকবলিত এলাকার সার্বক্ষণিক তদারকি ও খোঁজ-খবর নেওয়া হচ্ছে। দুর্গত মানুষের পাশে দাঁড়াতে দলমতের ঊর্ধ্বে উঠে বিএনপির সব পর্যায়ের নেতা-কর্মীকে মাঠপর্যায়ে সক্রিয় থেকে ক্ষতিগ্রস্তদের সর্বোচ্চ সহায়তা নিশ্চিত করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। একইসঙ্গে দুর্যোগ মোকাবিলা, ক্ষয়ক্ষতি নিরূপণ, দ্রুত উদ্ধার কার্যক্রম পরিচালনা ও পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও স্থানীয় সংসদ সদস্যদের সমন্বিতভাবে কাজ করার নির্দেশনা দিয়েছেন। চট্টগ্রাম অঞ্চলে দুর্যোগ মোকাবিলায় প্রধানমন্ত্রীর নেওয়া ১০টি উদ্যোগের কথা উল্লেখ করে মাহদী আমিন জানান-

১. প্রধানমন্ত্রী নিজে সার্বক্ষণিক দুর্যোগকবলিত এলাকার খোঁজ-খবর নিচ্ছেন এবং মনিটরিং করাচ্ছেন। প্রধানমন্ত্রীর কার্যালয় থেকেও নিয়মিতভাবে ডিসি, ইউএনও ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যসহ সংশ্লিষ্ট সবার সঙ্গে যোগাযোগ রাখা এবং প্রয়োজনীয় দিক-নির্দেশনা দেওয়া হচ্ছে।

২. চট্টগ্রাম বিভাগের দুর্যোগকবলিত এলাকায় এখন পর্যন্ত এক হাজার ৫৭টি আশ্রয়কেন্দ্র চালু করা হয়েছে, যেখানে এখন পর্যন্ত প্রায় ১২ হাজারের বেশি মানুষ আশ্রয় নিয়েছেন।

৩. জেনারেল রিলিফ (জিআর) কর্মসূচির আওতায় ক্ষতিগ্রস্ত চট্টগ্রাম, কক্সবাজার, রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান-এই পাঁচ জেলার জন্য ২ কোটি ১৫ লাখ টাকা অনুদান এবং ৩ হাজার ৪৫০ মেট্রিক টন চাল দুর্গত মানুষদের কাছে দ্রুততম সময়ে সরাসরি পৌঁছে দেওয়া হয়েছে।

৪. সরকারের নির্দেশনায় দুর্গত এলাকায় নিরাপদ খাবার পানি, স্যানিটেশন ব্যবস্থা, স্বাস্থ্যসেবা, শিশুখাদ্য ও তিন বেলা খাবার সরবরাহ নিশ্চিত করা হয়েছে।

৫. জরুরি পরিস্থিতি বিবেচনায় পাহাড়ি এলাকায় উদ্ধার কার্যক্রম পরিচালনার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পাশাপাশি প্রয়োজনবোধে সেনাবাহিনীও মোতায়েন করা হয়েছে।

৬. চট্টগ্রাম বিভাগের বিভিন্ন এলাকায় প্রবল বর্ষণে প্লাবিত অঞ্চল পরিদর্শন, ত্রাণ বিতরণ ও প্রধানমন্ত্রীর পক্ষ থেকে সহায়তার বার্তা পৌঁছে দিতে স্থানীয় সংসদ সদস্য ও জনপ্রতিনিধিরা দুর্গত এলাকায় ছুটে গিয়ে সার্বক্ষণিক অবস্থান করছেন, সশরীরে মানুষের পাশে দাঁড়াচ্ছেন।

৭. দুর্গত মানুষের পাশে দাঁড়াতে রাষ্ট্র পরিচালনাকারী দল বিএনপির সর্বস্তরের নেতা-কর্মী এবং প্রতিটি অঙ্গ ও সহযোগী সংগঠনকে নির্দেশ দেওয়া হয়েছে। সবাই ব্যক্তিগত ও সাংগঠনিক উদ্যোগে এরই মধ্যে মাঠে নেমেছেন। একইসঙ্গে,

প্রধানমন্ত্রীর সরাসরি নির্দেশনায় সরকারের প্রশাসন, বিভিন্ন মন্ত্রণালয়, আইন-শৃঙ্খলা বাহিনী, সেনাবাহিনী ও কোস্টগার্ড মাঠপর্যায় থেকে কেন্দ্র পর্যন্ত একযোগে কাজ করছে। এই সংকটে রাষ্ট্রের প্রতিটি অঙ্গ জনগণের পাশে রয়েছেন।

৮. ভারী বর্ষণের ফলে সৃষ্ট বন্যা ও ভূমিধস পরিস্থিতির কারণে দুর্গত এলাকায় এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়েছে।

৯. এই দুর্যোগে হতাহতদের পরিবারের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ করে সমবেদনা জানাতে এবং প্রয়োজনীয় সহায়তা নিশ্চিত করতে স্থানীয় প্রশাসনের কর্মকর্তারা স্থানীয় নেতা-কর্মীদের সঙ্গে নিয়ে ক্ষতিগ্রস্ত পরিবারের বাড়ি পরিদর্শন করেছেন।

১০. টানা ভারী বর্ষণে পানির নিচে তলিয়ে যাওয়া চট্টগ্রাম-দোহাজারী রেলপথ ভবিষ্যতে জলাবদ্ধতার ঝুঁকি কমাতে পাঁচ ফুট উঁচু করার পরিকল্পনা নেওয়া হয়েছে। এ লক্ষ্যে চট্টগ্রাম থেকে দোহাজারী পর্যন্ত ৪৭ কিলোমিটার রেলপথের উচ্চতা বৃদ্ধির কাজের দরপত্র প্রক্রিয়া এরই মধ্যে শুরু হয়েছে। এছাড়া পাহাড়ধসের ঝুঁকিতে থাকা বাসিন্দাদের জন্য সরকার নিরাপদ স্থানে আবাসনের ব্যবস্থা করবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র বলেন, “আমরা বিশ্বাস করি, সরকারের দ্রুত সিদ্ধান্ত, মানবিক প্রয়াস ও সমন্বিত উদ্যোগের মাধ্যমে আমরা এই দুর্যোগ কাটিয়ে উঠতে সক্ষম হবো, ইনশাল্লাহ। প্রধানমন্ত্রী এই সংকটে গভীর ভালোবাসা ও দায়বদ্ধতা নিয়ে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে আছেন। জনগণের সরকার সবসময় আর্তমানবতার সেবায় নিয়োজিত রয়েছে।” (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## হাটহাজারীতে ‘পুলিশের সোর্সকে’ কুপিয়ে হত্যা

চট্টগ্রামের হাটহাজারীতে নুরুল আজম (৪৮) নামের এক ব্যক্তিকে গুলির পর কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে। শুক্রবার (১০ জুলাই) সকাল সাড়ে ৯টার দিকে উপজেলার মেখল ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের মেখল গ্রামের খলিফাপাড়া এলাকায় এ ঘটনা ঘটে। নিহত নুরুল আজম খলিফাপাড়ার প্রয়াত ইসলামের ছেলে। আজম পেশায় দর্জি ছিলেন। তার দুই মেয়ে ও এক ছেলে রয়েছে। আজম পুলিশের সোর্স ছিলেন বলে জানা গেছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, নুরুল আজম নিজ ঘরেই কাপড় সেলাইয়ের কাজ করে সংসার চালাতেন। শুক্রবার সকালে বাড়ির পাশের বিলে জাল দিয়ে মাছ ধরতে যান আজম। এ সময় কয়েকজন দুর্বৃত্ত প্রথমে আজমের পায়ে গুলি করে। পরে ধারালো অস্ত্র দিয়ে তাকে কুপিয়ে হত্যা করা হয়। দুপুর সাড়ে ১২টার দিকে পুলিশ মরদেহ উদ্ধার করে। হাটহাজারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ জাহিদুর রহমান বলেন, দিদারুল নামের এক চিহ্নিত সন্ত্রাসীর নেতৃত্বে হত্যাকাণ্ডটি সংগঠিত হয়েছে বলে অভিযোগ উঠেছে। দিদারুল চিহ্নিত সন্ত্রাসী ও ডাকাত। তার বিরুদ্ধে থানায় আটটি মামলা রয়েছে। হত্যাকাণ্ডে জড়িতদের গ্রেফতারে অভিযান চলছে বলেও জানান ওসি।

(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## বাঁশখালীতে পাহাড়ি ঢলে দুই শিশুর মৃত্যু

চট্টগ্রামের বাঁশখালী উপজেলায় পাহাড়ি ঢলের স্রোতে ভেসে মিরাজ (৫) ও আশিক (৬) নামে দুই শিশুর মৃত্যু হয়েছে। শুক্রবার (১০ জুলাই) বেলা সাড়ে ১১টার দিকে উপজেলার বাহারছড়া ইউনিয়নের পৃথক এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত আশিক বাহারছড়া ইউনিয়নের দক্ষিণ ইলশা গ্রামের মেহের আলী বাড়ির প্রবাসী কামাল উদ্দিনের ছেলে। অপর শিশু মিরাজ একই ইউনিয়নের রত্নপুর এলাকার বাসিন্দা। স্থানীয় সূত্রে জানা যায়, টানা বৃষ্টির কারণে পাহাড়ি ঢলে এলাকায় তীব্র পানির স্রোত সৃষ্টি হয়। শুক্রবার সকালে দুই শিশু নিজ নিজ বাড়ির উঠানে খেলতে বের হলে পূর্বদিক থেকে নেমে আসা ঢলের পানিতে ভেসে যায়। পরে স্থানীয় লোকজন তাদের উদ্ধার করে হাসপাতালে নেওয়ার চেষ্টা করলে পথেই তাদের মৃত্যু হয়। বাঁশখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রবিউল হক ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, পাহাড়ি ঢলের পানির স্রোতে ভেসে গিয়ে দুই শিশুর মৃত্যু হয়েছে। ঘটনাটি অত্যন্ত মর্মান্তিক। এ বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে। তিনি অভিভাবকদের উদ্দেশ্যে বলেন, ভারী বৃষ্টি ও পাহাড়ি ঢলের সময় শিশুদের নিরাপদ স্থানে রাখার বিষয়ে সবাইকে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## বিমানবন্দরের রানওয়ের জলাবদ্ধতা কমাতে খাল কাটছে চট্টগ্রাম বন্দর

চট্টগ্রাম শাহ্ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের রানওয়ের জলাবদ্ধতা নিরসনে খাল কাটছে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। শুক্রবার (১০ জুলাই) সকাল থেকে চট্টগ্রাম বন্দর নিজস্ব অর্থায়নে বিমানবন্দর সংলগ্ন ১২ খালটি পুনর্খনন কাজ শুরু করেছে। পাশাপাশি নগরীর বড়ো অংশের পানি নিষ্কাশন হওয়া খালগুলোর মুখে কর্ণফুলি নদীতে ড্রেজিং কার্যক্রমও শুরু করে বন্দর। চট্টগ্রাম বন্দরের সচিব সৈয়দ রেফায়েত হামিম জাগো নিউজকে বলেন, সেনাবাহিনীর কাজের কারণে বর্তমানে ১২নং খালের বেশিরভাগ অংশ বন্ধ। ফলে পর্যাপ্ত পানি যেতে না পারায় জলাবদ্ধতা তৈরি হয়েছিল। আজ বন্দরের পক্ষ থেকে ওই খালের পার্শ্ববর্তী অংশে একটি ডাইভারশন তৈরির মাধ্যমে পানি নিষ্কাশনের ব্যবস্থা করা হয়েছে। এতে করে ওই অংশে জলাবদ্ধতা নিরসন হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৭.২০২৬ রিহাব)

## বৈরী আবহাওয়ায় সেন্টমার্টিনের ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে কোস্টগার্ড

বৈরী আবহাওয়ায় নৌযোগাযোগ ব্যাহত হওয়ায় সেন্টমার্টিনে ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে ত্রাণসামগ্রী বিতরণ করেছে বাংলাদেশ কোস্টগার্ড। শুক্রবার (১০ জুলাই) বিকেলে কোস্টগার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন এ তথ্য জানান। সাব্বির আলম সুজন বলেন, কোস্টগার্ড তার সূচনালগ্ন থেকে দেশের উপকূলীয় ও নদী তীরবর্তী অঞ্চলে জননিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি বিভিন্ন দুর্যোগ ও সংকটময় পরিস্থিতিতে মানবিক সহায়তা দিয়ে আসছে। প্রাকৃতিক দুর্যোগ, বৈরী আবহাওয়া কিংবা জরুরি পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে থেকে উদ্ধার কার্যক্রম পরিচালনার পাশাপাশি প্রয়োজনীয় ত্রাণ সহায়তা দিয়ে আসছে কোস্টগার্ড। এরই ধারাবাহিকতায় আজ শুক্রবার সকাল সাড়ে ৯টা থেকে বেলা সাড়ে ১১টা পর্যন্ত কোস্টগার্ড পূর্ব জোনের ব্যবস্থাপনায় কোস্টগার্ড স্টেশন সেন্টমার্টিন কর্তৃক সপ্তাহব্যাপী চলমান প্রবল বর্ষণ ও বৈরী আবহাওয়ার কারণে সেন্টমার্টিনের সঙ্গে নৌ যোগাযোগ ব্যাহত হওয়ায় প্রয়োজনীয় নিত্যপ্রয়োজনীয় সামগ্রী সংগ্রহে সমস্যায় পড়া ক্ষতিগ্রস্ত ১০০টি পরিবারের মধ্যে ত্রাণসামগ্রী বিতরণ করা হয়। তিনি বলেন, বাংলাদেশ কোস্টগার্ড ভবিষ্যতেও উপকূলীয় এলাকায় দুর্যোগ ও সংকটকালীন সময়ে মানবিক সহায়তা এবং জনকল্যাণমূলক কার্যক্রম অব্যাহত রাখবে।(জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৭.২০২৬ রুবাইয়া)

**মিরপুরে জলাবদ্ধতা পরিস্থিতি পরিদর্শন করলেন ডিএনসিসি প্রশাসক**

রাজধানীর মিরপুর-১০, কাজীপাড়া ও শেওড়াপাড়া মেট্রোরেল এলাকার রাস্তার দুই পাশে জমে থাকা বৃষ্টির পানি ও ড্রেন ব্যবস্থার সার্বিক পরিস্থিতি পরিদর্শন করেছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক মো. শফিকুল ইসলাম খান। শুক্রবার (১০ জুলাই) জুমার নামাজের পর এসব এলাকার সার্বিক পরিস্থিতি সরেজমিনে পরিদর্শন করেন তিনি। এসময় ডিএনসিসি প্রশাসক সিটি করপোরেশনের পরিচ্ছন্নতাকর্মীদের দ্রুত পানি সরে যাওয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা দেন। এসময় ডিএনসিসি প্রশাসক পানি সরে যাওয়ার নালা ও ড্রেন ব্যবস্থা পর্যবেক্ষণ করেন এবং আশপাশের দোকানদারদের ময়লা আবর্জনা না ফেলার অনুরোধ জানান। পরে প্রশাসক মিরপুর-১২ এর ৬নং কাঁচাবাজার এলাকার পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে সরজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি কাঁচাবাজারের ফেলে রাখা ময়লা আবর্জনা ও অপরিষ্কার-অপরিচ্ছন্ন পরিবেশ দেখে অসন্তোষ প্রকাশ করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৭.২০২৬ রুবাইয়া)

**তারুণ্যের উন্নয়নে সবাইকে এগিয়ে আসার আহ্বান রাষ্ট্রপতির**

তারুণ্যের উন্নয়নে সরকারের পাশাপাশি পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা ও প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। শনিবার (১১ জুলাই) বিশ্ব জনসংখ্যা দিবস-২০২৬ উপলক্ষ্যে শুক্রবার (১০ জুলাই) দেওয়া এক বাণীতে তিনি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি বলেন, "বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও বিশ্ব জনসংখ্যা দিবস-২০২৬ পালিত হচ্ছে জেনে আমি আনন্দিত। বাংলাদেশ বিশ্বের একটি অন্যতম জনবহুল দেশ। যার এক-তৃতীয়াংশই তরুণ প্রজন্ম। তারাই দেশের ভবিষ্যৎ ও প্রধান চালিকাশক্তি।" "রাষ্ট্রের কাছে নতুন প্রজন্মের চাওয়া হচ্ছে তাদের মৌলিক চাহিদা পূরণ হবে, নিশ্চিত হবে সবার ব্যক্তিগত ও সামষ্টিক ভাগ্যোন্নয়নের সুযোগ। দেশের বিপুল জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করা গেলে নতুন প্রজন্মের আকাঙ্ক্ষা যেমন পূরণ হবে, পাশাপাশি নিশ্চিত হবে সমৃদ্ধ আগামীর স্বপ্ন। এ প্রেক্ষাপটে দিবসটির এ বছরের প্রতিপাদ্য 'তারুণ্যের আশা-আকাঙ্ক্ষা বাস্তবায়ন করি, আজকের প্রত্যয়ে সুন্দর আগামী গড়ি' সময়োপযোগী ও যথার্থ হয়েছে বলে আমি মনে করি," যোগ করেন রাষ্ট্রপতি। তিনি জানান, বর্তমান সরকার দেশের যুব ও তরুণ প্রজন্মকে সুশিক্ষিত, দক্ষ, স্বাবলম্বী ও নৈতিক মূল্যবোধসম্পন্ন নাগরিক হিসেবে গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ। এ লক্ষ্যে সরকার দেশের শিক্ষা ব্যবস্থাকে আধুনিক, কর্মমুখী ও উৎপাদনমুখী করতে নানা পরিকল্পনা নিয়েছে ও বাস্তবায়ন শুরু করেছে। যুবসমাজের সৃজনশীলতা ও নেতৃত্বের বিকাশ এবং ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবনে দক্ষ করে গড়ে তুলতে কারিগরি ও কর্মমুখী শিক্ষা ও প্রশিক্ষণে দেওয়া হচ্ছে বিশেষ অগ্রাধিকার। একইসঙ্গে মাদক, বাল্যবিবাহ, সহিংসতাসহ নানা সামাজিক অবক্ষয় রোধে ব্যাপক সচেতনতা তৈরি, সামাজিক নিরাপত্তা কর্মসূচির সম্প্রসারণ এবং আইনের কঠোর প্রয়োগ নিশ্চিত করা হচ্ছে। আমার বিশ্বাস, এসব উদ্যোগ নতুন প্রজন্মের বিকাশ ও জীবনমান উন্নয়নে সহায়ক হবে। দেশের সামাজিক স্থিতিশীলতা এবং টেকসই উন্নয়নের অন্যতম নিয়ামক হিসেবে ভূমিকা রাখবে, বলেন রাষ্ট্রপতি। তিনি উল্লেখ করেন, নাগরিক সুস্বাস্থ্য ও পরিকল্পিত পরিবার একটি সুস্থ ও কর্মক্ষম জাতি এবং টেকসই আর্থসামাজিক উন্নয়নের পূর্বশর্ত। এই প্রেক্ষাপটে সরকার দেশের স্বাস্থ্যখাতের উন্নয়নেও ব্যাপকভিত্তিক কর্মসূচি হাতে নিয়েছে। তরুণ প্রজন্মকে প্রকৃত মানবসম্পদ হিসেবে গড়ে তুলতে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা, মা-শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য ও বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সেবাকে আরও কার্যকর ও সর্বজনীন করে তুলতে সংশ্লিষ্ট সবাইকে যথাযথ ভূমিকা রাখতে হবে। রাষ্ট্রপতি বলেন, "তারুণ্যের উন্নয়নে আমি সরকারের পাশাপাশি পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা ও প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সবাইকে এগিয়ে আসার উদাত্ত আহ্বান জানাই। দেশের বিদ্যমান স্বাস্থ্যসেবা অবকাঠামোগুলোর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত এবং মানসম্মত পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য ও কৈশোরকালীন স্বাস্থ্যসেবা প্রদানে সংশ্লিষ্ট সবার আন্তরিক প্রচেষ্টা অব্যাহত থাকবে- এ প্রত্যাশা করি। আমি বিশ্ব জনসংখ্যা দিবস-২০২৬ উপলক্ষ্যে নেওয়া সব কর্মসূচির সফলতা কামনা করছি।"
(জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৭.২০২৬ রুবাইয়া)

**জনগণের জীবনমান উন্নয়নে সরকার কাজ করছে : আবু সুফিয়ান**

চট্টগ্রাম-৯ আসনের সংসদ সদস্য আবু সুফিয়ান বলেছেন, জনগণের জীবনমান উন্নয়ন এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য নিরাপদ বাংলাদেশ গড়তে সরকার বিভিন্ন কল্যাণমুখী কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। শুক্রবার (১০ জুলাই) সকালে নগরের ৩১ নম্বর আলকরণ ওয়ার্ডে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মানবিক সহায়তা কর্মসূচির আওতায় অসহায় ও দুঃস্থ পরিবারের মধ্যে চাল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে ৪০০টি পরিবারের প্রত্যেককে ১০ কেজি করে চাল বিতরণ করা হয়। তিনি বলেন, জনগণের ভোটে নির্বাচিত সরকার জনগণের কাছে দায়বদ্ধ থাকে এবং জনকল্যাণে কাজ করাই তাদের দায়িত্ব। আবু সুফিয়ান বলেন, সংবিধান অনুযায়ী দেশের মালিক জনগণ। জনগণের ভোটাধিকার ও সাংবিধানিক অধিকার নিশ্চিত করতে সরকার কাজ করছে। তিনি দাবি করেন, জনগণ তাদের ভোটের মাধ্যমে জনপ্রতিনিধি নির্বাচনের সুযোগ ফিরে পেয়েছে এবং নির্বাচিত প্রতিনিধিরা জনগণের প্রত্যাশা পূরণে ব্যর্থ হলে পরবর্তী নির্বাচনে তাদের প্রত্যাখ্যান করার অধিকারও জনগণের রয়েছে। তিনি বলেন, জনগণের প্রতিনিধি হিসেবে মানুষের সমস্যা সমাধান এবং তাদের প্রত্যাশা পূরণে কাজ করাই তাদের দায়িত্ব। (জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৭.২০২৬ রুবাইয়া)

## দুর্যোগে অসহায় মানুষের পাশে থাকবে জামায়াত : শফিকুর রহমান

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, দুর্যোগে মানুষের পাশে দাঁড়ানো ইসলামের শিক্ষা ও মানবিক দায়িত্ব। জনগণের দুঃসময়ে পাশে থাকা জামায়াতে ইসলামীর নৈতিক অঙ্গীকার এবং সুযোগ পেলে ভবিষ্যতেও আমরা অসহায় মানুষের কল্যাণে আরও ব্যাপকভাবে কাজ করবো। শুক্রবার (১০ জুলাই) বিকেলে চট্টগ্রাম নগরের চান্দগাঁও থানার ৪ নম্বর ওয়ার্ডের টেক বাজার এলাকায় অতিবর্ষণে ক্ষতিগ্রস্ত মানুষের মধ্যে ত্রাণসামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। ডা. শফিকুর রহমান বলেন, আপনাদের জন্য সামান্য কিছু খাদ্যসামগ্রী নিয়ে এসেছি। প্রকৃতপক্ষে এগুলো বাড়ি বাড়ি গিয়ে পৌঁছে দেওয়া উচিত ছিল। কিন্তু বাস্তব সীমাবদ্ধতার কারণে তা সম্ভব হয়নি। আল্লাহ তাআলা যেন আমাদের আরও বেশি মানুষের সেবা করার তাওফিক দান করেন। আপনারা সেজন্য দোয়া করবেন। জামায়াতে ইসলামী সবসময় জনগণের পাশে ছিল, আছে এবং ইনশাল্লাহ ভবিষ্যতেও থাকবে। তিনি বলেন, দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের কষ্ট লাঘবে সমাজের সামর্থ্যবান ব্যক্তি, বিভিন্ন প্রতিষ্ঠান এবং রাষ্ট্রকে সমন্বিতভাবে এগিয়ে আসতে হবে। মানবসেবা কোনো একক ব্যক্তি বা প্রতিষ্ঠানের দায়িত্ব নয়, এটি সবার সম্মিলিত দায়িত্ব।(জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৭.২০২৬ রুবাইয়া)

## শেখ হাসিনা কেবল ফিরবে ফাঁসির রায় কার্যকর হওয়ার জন্য : নাহিদ ইসলাম

মানবতাবিরোধী অপরাধের মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত শেখ হাসিনার দেশে ফেরা কেবল তার রায় কার্যকর হওয়ার জন্য হবে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। শুক্রবার (১০ জুলাই) রাজধানীর কাকরাইলের ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে নাহিদ ইসলাম এ মন্তব্য করেন। তিনি সেখানে ন্যাশনাল এসএমই ফাউন্ডেশনের আয়োজনে আন্তর্জাতিক ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্প বা উদ্যোগ (এমএসএমই) দিবস-২০২৬ উপলক্ষ্যে ক্ষুদ্র উদ্যোক্তাদের সম্মাননা প্রদান ও আলোচনা সভায় অংশ নেন। অনুষ্ঠানে তিনি বলেন, "আজকে একটা ইন্টারভিউ আমরা দেখেছি যে, ডিসেম্বরে কেউ একজন দেশে ফেরার পরিকল্পনা করেছেন। তো আমাদের দাবি থাকবে, দেশ তো অলরেডি ১৬ বছরের ধ্বংসযজ্ঞের শিকার হয়েছে। এখন আমরাও চাই, দেশে ফিরবে ফাঁসির রায় কার্যকর হওয়ার জন্য। বাংলাদেশে রায় হয়ে গেছে। এখন এই সরকারের উচিত যথাযথ কূটনৈতিক ও আইনি প্রক্রিয়ায় গণহত্যাকারীকে দেশে ফিরিয়ে এনে রায় কার্যকর করা।" এনসিপির আহ্বায়ক পরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বলেন, "শেখ হাসিনা কীভাবে আসবে, সে কাদের নিয়ে আসবে, সে সারেন্ডার করবে কি করবে না, এটা ঠিক করতে হবে বাংলাদেশ সরকারকে। বাংলাদেশ সরকার এ বিষয়ে দিল্লির সঙ্গে কথা বলবে। এখানে আর কোনো পক্ষ নাই। ফলে সরকারই ঠিক করবে তাকে কখন আনবে, কীভাবে আনবে এবং কীভাবে বিচারের রায় কার্যকর করবে। সব প্রস্তুতি নিয়েই তাকে আনতে হবে।" "শেখ হাসিনার সিদ্ধান্ত তার ব্যক্তিগত নয়। দিল্লি থেকে তাকে যতটুকু পারমিট করা হয়, সে অনুযায়ী সে কথা বলে। ফলে শেখ হাসিনা আসবে কি আসবে না, কীভাবে আসবে, বিচার হবে কি না, এসব মূলত দিল্লির সঙ্গে ঢাকার কূটনৈতিক ও রাজনৈতিক বোঝাপড়ার ওপর নির্ভর করবে। শেখ হাসিনা বা আওয়ামী লীগ তো এখন কোনো রাজনৈতিক দলই নয়," যোগ করেন নাহিদ ইসলাম। তিনি বলেন, "জুলাই গণ-অভ্যুত্থানের যারা অংশগ্রহণ করেছে, রাজনৈতিকভাবে যে-কোনো পরিস্থিতি মোকাবিলার জন্য তারা প্রস্তুত আছে। দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও অর্থনীতিকে রক্ষা করার জন্য আমরা যে-কোনো পরিস্থিতির জন্য প্রস্তুত আছি। তবে শেখ হাসিনা বা আওয়ামী লীগকে কেন্দ্র করে রাজনৈতিক পরিস্থিতি উত্তপ্ত করার যদি কোনো ধরনের পাঁয়তারা বা প্রচেষ্টা হয়, সরকার যদি সেটাকে প্রশ্রয় দেয়, তাহলে সবচেয়ে বেশি ক্ষতির সম্মুখীন সরকারই হবে। বাংলাদেশের আপামর জনগণ, জুলাই বিপ্লবে অংশগ্রহণকারী সব পক্ষ, ৩০ হাজার আহত ও এক হাজার ৪০০ শহিদ পরিবারের সদস্য, আমরা সবাই প্রস্তুত আছি।" আওয়ামী লীগের বিচার প্রসঙ্গে নাহিদ ইসলাম বলেন, "বাংলাদেশে এখন আওয়ামী লীগকে দলগতভাবে বিচারের আওতায় নেওয়ার কথা সরকারও ভাবছে। আমরা মনে করি, এটাই সঠিক রাস্তা। শেখ হাসিনার রায় অলরেডি হয়ে গেছে। এখন এটা কার্যকর করতে হবে। শেখ হাসিনা যদি দেশে ফেরে,

কেবল ফিরবে ফাঁসির রায় কার্যকর হওয়ার জন্য। ফলে সেটার জন্য আমরাও চাই যে, ফাঁসির রায় কার্যকর হোক।" (জাগো নিউজ ওয়েব পেজ: ১০.০৭.২০২৬ রুবাইয়া)

## রেডিও টুডে

### দেশে ফিরছেন শেখ হাসিনা, শীর্ষ নেতাদের নিয়ে করবেন আত্মসমর্পণ : রয়টার্সের প্রতিবেদন

দলের জ্যেষ্ঠ নেতাদের সঙ্গে নিয়ে আত্মসমর্পণের পরিকল্পনা করছেন ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এজন্য তিনি আগামী ডিসেম্বরে ভারত থেকে বাংলাদেশে ফিরতে চান। বার্তা সংস্থা রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে শেখ হাসিনা নিজে এসব কথা বলেছেন। টেলিফোনে সাক্ষাৎকারটি নেওয়া হয় বৃহস্পতিবার রাতে। রয়টার্স এ নিয়ে প্রতিবেদন প্রকাশ করেছে শুক্রবার। শেখ হাসিনা বলেছেন, "দেশে ফেরার পর তারা আমাকে গ্রেফতার করতে পারে, এমনকি মেরেও ফেলতে পারে। তবু আমাকে যেতেই হবে। আমার দলের নেতা-কর্মী ও সমর্থকদের ওপর নিপীড়ন চালানো হচ্ছে। মৃত্যু যদি আসেই, তবে আমি চাই, তা যেন নিজের মাটিতেই হয়।" ২০২৪ সালের জুলাই-আগস্টে গণ-অভ্যুত্থানের সময় মানবতাবিরোধী অপরাধের দায়ে গত নভেম্বরে শেখ হাসিনাকে মৃত্যুদণ্ড দেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনগুলোর সব ধরনের রাজনৈতিক কার্যক্রমও নিষিদ্ধ করা হয়েছে। শেখ হাসিনা বলেন, তিনি ও তাঁর দলের সদস্যরা স্বেচ্ছায় দেশে ফিরে যাওয়ার লক্ষ্য নির্ধারণ করেছেন। আদালতে নিজেদের সমর্পণ করার মাধ্যমে তারা মূলত বর্তমান কর্তৃপক্ষের পরীক্ষা নিতে চান। শেখ হাসিনাকে হস্তান্তরের জন্য বাংলাদেশ কয়েক দফায় ভারতের প্রতি আহ্বান জানিয়েছে। রয়টার্স লিখেছে, দুই বছরের রাজনৈতিক অস্থিরতা কাটিয়ে বর্তমান সরকার যখন স্থিতিশীলতা ফিরিয়ে আনার চেষ্টা করছে, তখন শেখ হাসিনা দেশে ফিরলে রাজনৈতিক বিভাজন আরও তীব্র হতে পারে। ভারতে নির্বাসিত হওয়ার পর শেখ হাসিনা এই প্রথমবারের মতো দেশে ফেরার নির্দিষ্ট সময়সীমা উল্লেখ করলেন। এ সময়সূচির ব্যাপারে তিনি কোনো বিদেশি সরকারের সঙ্গে পরামর্শ করেননি জানিয়ে বলেন, "তারা আমাকে ফেরত পাঠানোর অনুরোধ জানিয়ে বারবার ভারতের কাছে চিঠি পাঠাচ্ছে। আমি নিজেই চলে যাব।" আওয়ামী লীগের জ্যেষ্ঠ নেতাদের মধ্যে সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালও মৃত্যুদণ্ডের সাজা পেয়েছেন। রয়টার্স দলটির অন্য সদস্যদের সঙ্গে যোগাযোগ করতে পারেনি। শেখ হাসিনার বক্তব্যের বিষয়ে মন্তব্যের জন্য বাংলাদেশ সরকারের মুখপাত্রদের সঙ্গে যোগাযোগ করেছিল রয়টার্স, তবে সাড়া পায়নি। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৭.২০২৬)

### দুর্যোগে প্রশাসনকে জনগণের পাশে থাকার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী : মাহদী আমিন

প্রধানমন্ত্রী তারেক রহমান চলমান দুর্যোগে প্রশাসনকে দৃঢ়ভাবে জনগণের পাশে থাকার নির্দেশনা দিয়েছেন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র ড. মাহদী আমিন। শুক্রবার সরকারি বাঙলা কলেজের প্রাক্তন শিক্ষার্থীদের প্রথম পুনর্মিলনী অনুষ্ঠানে তিনি এ কথা জানান। মাহদী আমিন বলেন, "বন্যায় ক্ষতিগ্রস্তদের পাশে থাকার জন্য বিএনপির নেতা-কর্মীদেরও নির্দেশনা দেয়া হয়েছে।" তিনি বলেন, "জনগণের প্রত্যাশা পূরণে সরকার চেষ্টা করছে।" ক্ষতিগ্রস্তদের প্রশাসনসহ রাষ্ট্রের প্রতিটি অনুষঙ্গ সাহায্য সামগ্রী পৌঁছে দিচ্ছে বলেও জানান প্রধানমন্ত্রীর এ উপদেষ্টা। এসময় মানবিক মূল্যবোধেরভিত্তিতে সবাই একসঙ্গে দেশ গড়তে নির্বাচিত সরকারকে সহযোগিতার আহ্বান জানান মাহদী আমিন। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৭.২০২৬)

### আগামী পাঁচ বছরে ৯ লাখ বেকারকে স্বাবলম্বী করবে কর্মসংস্থান ব্যাংক

প্রশিক্ষিত ও বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন বেকারদের কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন, উৎপাদন বৃদ্ধি এবং অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে আগামী পাঁচ বছরে ৯ লাখ বেকার যুবকের কর্মসংস্থানের মহাপরিকল্পনা গ্রহণ করেছে কর্মসংস্থান ব্যাংক। কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক অরুন কুমার চৌধুরী তার কার্যালয়ে জাতীয় বার্তা সংস্থা বাসসকে দেওয়া একান্ত সাক্ষাৎকারে এ তথ্য জানান। তিনি বলেন, চলতি ২০২৬-২৭ অর্থবছরে সোয়া লাখ থেকে দেড় লাখ বেকার যুবককে কর্মসংস্থানের আওতায় আনার লক্ষ্য নিয়ে কাজ করছে ব্যাংকটি। এ লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে ১ হাজার কোটি টাকার একটি প্রকল্প অনুমোদন করেছে। তিনি বলেন, এই অর্থ দিয়ে এক বছরের মধ্যে ৫০ হাজার নতুন বেকারকে সহজ শর্তে, স্বল্পসুদে ঋণ দিয়ে কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে। এতে তারা ছোটো ছোটো ব্যবসা করে স্বাবলম্বী ও ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে গড়ে উঠতে পারবেন। ব্যবস্থাপনা পরিচালক জানান, কর্মসংস্থান ব্যাংক ইতোমধ্যে প্রায় সাড়ে ১৩ লাখ বেকার ও ক্ষুদ্র উদ্যোক্তাকে ৪ শতাংশ থেকে সর্বোচ্চ ৯ দশমিক ৭৫ শতাংশ সুদে ঋণ দিয়ে উদ্যোক্তা হিসেবে গড়ে উঠতে সহায়তা করেছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৭.২০২৬)

### চট্টগ্রাম বোর্ডের শনিবারের এইচএসসি পরীক্ষা স্থগিত

বন্যা পরিস্থিতির কারণে চট্টগ্রাম বোর্ডের আগামীকাল শনিবারের পরীক্ষা স্থগিত করা হয়েছে। শুক্রবার দুপুরে চট্টগ্রাম বোর্ড থেকে এক নোটিশে এ তথ্য জানানো হয়। বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক স্বাক্ষরিত এক নোটিশে বলা হয়, আবহাওয়ার মারাত্মক অবনতি ও বন্যা পরিস্থিতি খারাপ হওয়ায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সব জেলার আগামীকাল শনিবারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের  পরীক্ষাটি স্থগিত করা হলো। স্থগিত হওয়া পরীক্ষার পরিবর্তিত সময়সূচি পরবর্তী সময়ে জানিয়ে দেওয়া হবে। বিদ্যুৎ না থাকায় সব কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের মাইকিং করে এলাকায় বিষয়টি জানিয়ে দেওয়ার জন্য অনুরোধ করেছে বোর্ড। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৭.২০২৬

**ছাত্রদল নেতা-কর্মীদের জন্য জরুরি নির্দেশনা**

দেশের বিভিন্ন জেলায় চলমান বন্যা পরিস্থিতিতে দুর্গত মানুষের উদ্ধার, নিরাপত্তা নিশ্চিতকরণ ও ত্রাণ কার্যক্রম জোরদারে নেতা-কর্মীদের জন্য ১০ দফা জরুরি নির্দেশনা জারি করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল। শুক্রবার সংগঠনের কেন্দ্রীয় সংসদের দপ্তর সম্পাদক মো. জাহাঙ্গীর আলম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা দেওয়া হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, টানা বর্ষণ ও ভারত থেকে নেমে আসা পাহাড়ি ঢলের কারণে চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙামাটি, বান্দরবান, কক্সবাজার, সিলেট, মৌলভীবাজার ও সুনামগঞ্জসহ দেশের বিভিন্ন জেলায় ভয়াবহ বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এ অবস্থায় অতীতের ধারাবাহিকতার মতো এবারও দুর্গত মানুষের পাশে দাঁড়াতে সংগঠনের সব ইউনিটের নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানানো হয়েছে। নির্দেশনায় বলা হয়েছে, বন্যাকবলিত এলাকার মানুষকে দ্রুত নিরাপদ আশ্রয়ে সরিয়ে নিতে সর্বোচ্চ সহযোগিতা করতে হবে। পাশাপাশি গবাদি পশুকে নিরাপদ স্থানে স্থানান্তরের ব্যবস্থাও নিশ্চিত করতে হবে। প্রতিটি ইউনিটকে প্রয়োজনীয়সংখ্যক রেসকিউ টিম প্রস্তুত রাখার পাশাপাশি স্থানীয় বিএনপি নেতাদের সঙ্গে সমন্বয় করে ত্রাণ কার্যক্রম পরিচালনার নির্দেশ দেওয়া হয়েছে। শুকনো ও রান্না করা খাবার, খাবার স্যালাইন, পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট, ফিটকিরি এবং প্রয়োজনীয় ঔষধ প্রস্তুত রাখার কথাও বলা হয়েছে। এদিকে ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি রাকিবুল ইসলাম রাকিব এবং সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির সার্বিক বন্যা পরিস্থিতি তদারকি করবেন। পাশাপাশি দুর্গত মানুষের সহায়তায় পরিচালিত সব কার্যক্রমের তথ্য নিয়মিত কেন্দ্রীয় দপ্তরে পাঠাতে সংশ্লিষ্ট ইউনিটগুলোকে নির্দেশ দেওয়া হয়েছে। ছাত্রদলের কেন্দ্রীয় নেতারা বলেন, দুর্যোগের এই সময়ে মানবিক দায়িত্ববোধ থেকে সংগঠনের প্রতিটি নেতাকর্মীকে সাধারণ মানুষের পাশে দাঁড়িয়ে সর্বোচ্চ সহযোগিতা নিশ্চিত করতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৭.২০২৬)

# BBC

**EAST ASIA BRACES FOR DESTRUCTIVE TYPHOON AS LANDSLIDES KILL 15 IN PHILIPPINES**

Landslides triggered by one of the strongest storms in decades have killed at least 15 people in southern Philippines, as parts of East Asia brace themselves for the looming storm. Typhoon Bavi, which spans 1,000km at its widest point - roughly the width of France - is sweeping across the Pacific towards Taiwan. It is expected to dump rain on Taiwan's north and east, and on a chain of remote Japanese islands, before making landfall in south-eastern China on Saturday. Dozens of flights have been cancelled while schools have suspended classes across the region. Supermarket shelves have been wiped clean as residents stock up on supplies ahead of the typhoon. On the Philippine island of Mindanao, families have been buried overnight by landslides, and rescuers are still searching for those missing. Moderate to heavy rains will continue to drench parts of the country throughout the weekend, officials say. Taiwanese authorities have warned that Bavi could bring up to 1m of rainfall. Some 29,000 soldiers have been put on standby to help with relief efforts, according to the island's defence ministry. (BBC News Web Page: 10/07/26, FARUK)

**FIREFIGHTERS BATTLE FLAMES AS DEADLY WILDFIRE RAGES IN SPAIN**

Firefighters have been battling flames in Spain's southern Almeria province, where authorities say at least 12 people have been killed and 23 more are missing. Hundreds of people are working to contain the fire, which local authorities believe to have been caused by a downed power line. A sustained heatwave with temperatures of around 40C has caused wildfires across southern Europe this summer, with firefighters also facing major incidents in France and Portugal throughout the season.
(BBC News Web Page: 10/07/26, FARUK)

**HUGE CROWDS IN MASHHAD AS IRAN'S LATE SUPREME LEADER IS BURIED**

Huge CROWDS lined the streets of the holy city of Mashhad for the burial of Iran's late supreme leader, Ayatollah Ali Khamenei. Khamenei was laid to rest at the shrine of Imam Reza, Iran's holiest Shia Muslim site, marking the end of six days of public mourning ceremonies in five cities across Iran and neighbouring Iraq. The burial, reported by the state news agency IRNA, came after an exchange of strikes between Iran and the US that threatens to derail a preliminary deal to end the war in which he was killed. Earlier, Iran's Revolutionary Guards accused the US of bombing two bridges on the railway line from the capital, Tehran, to Mashhad overnight "in an effort to overshadow" the funeral.
(BBC News Web Page: 10/07/26, FARUK)

**CHINA LANDS REUSABLE ROCKET FOR FIRST TIME: STATE MEDIA**

China has successfully landed a reusable rocket for the first time in a major breakthrough for the country's space programme, according to state media. The China Aerospace Science

and Technology Corporation said the Long March 10B rocket lifted off from Hainan in southern China at 12:15 local time on Friday. Around six minutes after separating from the rocket's upper stage, its booster returned to Earth vertically and was recovered on a floating platform. It signals that China may be able to challenge America's dominance in reusable rockets after successful landings by Elon Musk's SpaceX and Blue Origin, which is owned by Amazon founder Jeff Bezos. (BBC News Web Page: 10/07/26, FARUK)

**UKRAINE STRIKES RUSSIAN SHIPS NEAR CRIMEA, ESCALATING ATTACKS ON FUEL SUPPLIES**

Ukraine's military has intensified its attacks near Russian-annexed Crimes, following up strikes on Russia's land corridor to the peninsula by targeting maritime supply routes as well. Ukraine's drone force commander Robert Brovdi, also known as Magyar, says at least 25 ships have been hit and set on fire over the past four days in the Sea of Azov, the inland sea linked to the Black Sea by the Kerch Strait. Such losses in so short a time are a clear blow to Russia's naval capability as well as Vladimir Putin's guarantee of maintaining fuel supplies. These attacks appear to be the latest phase of Ukraine's self-declared "logistics lockdown" which aims to choke off supplies and routes into and out of occupied Crimea.
(BBC News Web Page: 10/07/26, FARUK)

**GREEK F-16 FIGHTER Jet CRASH-LANDS AT BUSY ZAKYNTHOS AIRPORT**

A Hellenic Air Force F-16 fighter jet has crash-landed at Zakynthos airport, closing one of Greece's busiest summer holiday terminals. The aircraft - which was on a training flight - landed at about 13:45 local time on Thursday after developing a technical fault, the air force said. It added that the pilot was "in good health" and that the cause of the incident was being investigated. Greek media reported that the aircraft had received an indication of an onboard fire before landing and caught fire on the runway, prompting an emergency response from firefighters and airport personnel. The fighter jet landed without deploying its landing gear, causing it to slide dozens of metres along the runway, Greece's Kathimerini newspaper reported. The Hellenic Air Force has not commented on this report.
(BBC News Web Page: 10/07/26, FARUK)

**PALESTINIANS MOURN GAZA WORLD CUP SCREENINGS ORGANIZER KILLED IN ISRAELI STRIKE**

The killing of Palestinian aid worker Mohammed al-Wahidi in an Israeli air strike in Gaza City on Tuesday has triggered an outpouring of grief across the Gaza Strip, for many people he was one of the most recognizable humanitarian figures. Within hours of his death, social media platforms were flooded with photographs and videos documenting his work, alongside hundreds of messages of condolence from people who said they had encountered him during aid distributions or while living in displacement camps. An Israeli missile struck the taxi al-Wahidi was travelling in through the Sabra neighbourhood. He was killed along with three other people, including two brothers aged eight and 10 who were passing by and another man. The Israeli military said it had struck a Hamas operative and was aware of claims that uninvolved individuals were killed in the strike. In recent weeks, al-Wahidi became more widely known after helping organize public screenings of World Cup matches in Gaza City, Deir al-Balah and the al-Mawasi area in southern Gaza.
(BBC News Web Page: 10/07/26, FARUK)

**FACTORY FIRE KILLS AT LEAST 28 IN CHINA'S 'SHOE CAPITAL'**

A fire at a shoe factory in the south-eastern Chinese city of Jinjiang has killed at least 28 people, according to the state news agency. Dramatic footage posted by Xinhua showed huge plumes of black smoke rising from a building as well as people who appeared to be trapped on the roof. President Xi Jinping said the blaze had caused "major casualties", adding those responsible must be held "strictly accountable". Jinjiang, in the province of Fujian, is often referred to as China's "shoe capital" as it reportedly manufactures 20% of the world's sports shoes. The blaze erupted at the Huiteng Footwear factory at around noon local time on Thursday. State media also reported that there were nearly 240 people at the factory when the fire broke out. (BBC News Web Page: 10/07/26, FARUK)

**US-IRAN ESCALATION THREATENS OIL SUPPLY RECOVERY: WARNS IEA**

The return of fighting between the United States and Iran threatens to extend the global energy crisis, the International Energy Agency has warned. The risk that the resumption of hostilities could scupper hopes of a swift recovery in energy markets was flagged by the

United Nations agency on Friday. The warning came as a lull in action from US and Iranian forces appeared to pave the way for efforts to revive diplomacy, although sources cautioned that the US military remains ready to resume attacks. World oil demand is on track to fall this year for the first time since 2020, the IEA said in its latest monthly oil market report, as the conflict continues to disrupt production and exports across the Middle East.
(BBC News Web Page: 10/07/26, FARUK)

**UN SEEKS $300M FOR VICTIMS OF VENEZUELA'S EARTHQUAKES**

The death toll from twin earthquakes in Venezuela last month has risen to 3,900, the government has said, as regional health agencies warn of an increased risk of disease. National Assembly President Jorge Rodriguez said on Friday at least 16,740 people had been injured and 17,907 displaced. The Pan American Health Organization (PAHO) warned that displaced people across Venezuela's northern coast, the area most affected by the tremors, are at risk of disease because of limited access to clean water and regular medical care. The United Nations has launched an appeal for roughly $300 million to assist 1.3 million people in urgent need of aid. (BBC News Web Page: 10/07/26, FARUK)

## :: THE END ::